রহসি সংবিদং হৃচ্ছয়োদয়ং, প্রহসিতাননং প্রেমবীক্ষণং। বৃহদুরশ্রিয়ো বৃক্ষধাম তে, মুহুরতিস্পৃহা মুহ্যতে মনঃ॥ ১৭॥

স্বামিকৃত টীকা।

অত স্ত্বয়া ত্যক্তানামস্মাকং প্রাক্তন ত্বদ্দর্শন নিদান হৃদ্রোগস্য তৎ সঙ্গত্যৈব চিকিৎসাং কুর্ব্বিত্যাহুঃ দ্বয়েন রহসীতি শ্রিয়োধামতে

বৃহদ্বিশালং উরশ্চ বীক্ষ্য অতিস্পৃহা ভবতি তয়া চ মুহুর্মুহু র্মনো-মুহ্যতি॥ ১৭ ॥

চক্রবর্ত্তি কৃত টীকা।

কিং কর্ত্তব্যং তবমোহনপঞ্চকং কামশরপঞ্চকমিবাস্মম্মেত্রর-ন্ধ্রেষু প্রবিশ্য হৃদয়ং জ্বলয়তীত্যাহুঃ। রহসি সংবিদং বত প্রার্থন ব্যঞ্জকং সংভাষণং প্রথমং হৃচ্ছয়োদয়ং অস্মদবলোকন হেতুকং, কন্দর্পভাবোদয়ং দ্বিতীয়ং। প্রকৃষ্টং হসিতং যত্র তথাভূতং আননং তৃতীয়ং প্রেমযুক্তমীক্ষণং চতুর্থং। শ্রিয়োধামশোভাস্পদং বৃহদ্বিস্তীর্ণমুত্তুঙ্গ মুরোরক্ষঃ পঞ্চমং। বীক্ষ্যমুহুঃ পুনঃপুনর্বিশেষতো দৃষ্ট্বা অতিস্পৃষ্টয়া অতিস্পৃহাভাব কিবন্তঃ স্পৃহিঃ তয়া মনঃ মুহ্যতে মুহ্যতি। ঔৎকণ্ঠ্যজ্বালয়া মূর্চ্ছতীত্যর্থঃ॥ ১৭ ॥

শ্লোকার্থঃ।——রহসি সম্বাদ, চিত্ত অবসাদ, নাশে যাহে সর্ব্বক্ষণ। প্রহসিতানন, প্রেম নিরীক্ষণ, করি সবে দরশন॥ অতি অভিরাম, লাবণ্যের ধাম, পরিসর বক্ষদেশ। হেরি বার বার, হৃদয় মাঝার, স্পৃহা হয় সুবিশেষ॥ তাহে মুগ্ধ মন, ব্রজাঙ্গনাগণ, ধৈরয ধরিতে নারে। তব সুললিত, মুরলীর গীত, শুনে এলো গৃহ ছেড়ে॥ তুমি যে কৈতব, জানিলে এ সব, তবে কেন গোপীগণ। রজনী সময়ে, গৃহ উপেখিয়ে, কেন হে আসিবে বন॥ ১৭ ॥

ব্রজবনৌকসাং ব্যক্তিরঙ্গতে, বৃজিনহন্ত্র্যলং বিশ্ব-মঙ্গলং। ত্যজমনাক্ চ ন স্তৎ স্পৃহাত্মনাং, স্বজন-হৃদ্রুজাং যন্নিসূদনং॥ ১৮॥

স্বামিকৃত টীকা।

তব চ ব্যক্তিরভিব্যক্তির্ব্রজবনৌকসাং সর্ব্বেষামবিশেষেণ বৃজিনহন্ত্রী দুঃখনিরসনী বিশ্বমঙ্গলং সর্ব্বমঙ্গলরূপা চ অত স্তৎ স্পৃহাত্মনাং ত্বৎ স্পৃহাক্রমমনসাং নঃ মনাক্ ঈষৎ কিমপি ত্যজ মুঞ্চকার্পণ্যমকুর্ব্বন্

দেহীত্যর্থঃ কিন্তুৎ স্বজনহৃদ্রোগাণাং যদতিগোপ্যং নিসূদনং নিবর্ত্তকমৌষধং তৎ ত্বমেব বেৎসীতি গূঢ়াভিপ্রায়ঃ॥ ১৮ ॥

চক্রবর্ত্তিকৃত টীকা।

কিঞ্চ কুলবধূনাং নিরপরাধানামস্মাকং ত্বয়ৈব সংমোহ্য রাত্রৌ বনমানীতানাং ঔৎকণ্ঠ্যাগ্নিনা কেবলং প্রাণদাহনমেব ন তবাভিপ্রেতং কিন্তু স্বাঙ্গ সঙ্গদানেন প্রাণপালনমপীত্যত্র হেতুমাহুঃ। তব ব্যক্তিরভিব্যক্তিব্র্রজবনৌকসাং সর্ব্বেষামেব বিশেষেণ বিশ্বমঙ্গলং সর্ব্বাণি মঙ্গলানি যত্র তদ্যথা স্যাত্তথা বৃজিনহন্ত্রী দুঃখনিরসিনী অতস্তৎ স্পৃহাত্মনাং ত্বৎ কর্ত্তৃকায়াস্পৃহা অস্মদ্দর্শনোত্থা তস্যামেবাত্মা তৎ সংপূরয়িতু কামং মনো যাসাং তাসাং তাসাং ন মনাক্ ঈষৎ কিমপি ত্যজমুঞ্চকার্পণ্যমকুর্ব্বন্ দেহীত্যর্থঃ। তদেব কিং তত্রাহুঃ স্বজনহৃদ্রুজাং যুস্মর্জ্জনকুচরোগাণাং যন্নিসূদনং উপশমকং ঔষধং কমলমিত্যর্থঃ। তদেব যদি অস্মাভিঃ কুচেষ্বর্পয়িতুং প্রাপ্যতে তদা তে নৈব ত্বৎস্পৃহাং পূরয়িত্বা স্বপ্রাণাঃ পাল্যন্ত ইতিভাবঃ॥ ১৮॥

• শ্লোকার্থঃ।——ব্রজবাসীজন, বৃজিনবারণ, করিবারে তুমি হরি। বিশ্বের মঙ্গল, মাত্র জন্মফল, দেখাইলে অবতরি॥ আমরা সকলে, তব পদমূলে, সেবা মাত্র অভিলাষী। পতি গুরুজন, করি বিসর্জ্জন, শ্রীচরণে হই দাসী॥ আমাদের মন, গত যে বেদন, জান তুমি তাহা সব। তবে কি কারণে, নিজ দাসীগণে, ন্যাহি কর কৃপালব॥ অতএব বলি, ওহে বনমালী, নাহি ত্যজ গোপীগণে। এ শ্রীনারায়ণ, করে নিবেদন, শ্রীকৃষ্ণের শ্রীচরণে॥ ১৮॥

যত্তে সুজাতচরণাম্বুরুহং স্তনেষু, ভীতাঃ শনৈ প্রিয় দধীমহি কর্কশেষু। তেনাটবীমটসি তদ্ব্যথতে ন কিং স্বিৎ, কূর্পাদিভির্ভ্রমতিধীর্ভবদায়ুষাং নঃ॥১৯॥

ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে রাসক্রীড়ায়াং গোপিকাগীতমেকত্রিংশোঽধ্যায়ঃ॥ ৩১ ॥

স্বামিকৃত টীকা।

অতিপ্রেমধর্ষিতা রুদত্য আহুঃ যদিতি। হে প্রিয় যত্তে তব সুকুমারং পদাব্জং কঠিনেষু কুচেষু সংমর্দ্দনশঙ্কিতাঃ শনৈঃ শনৈর্দধীমহি ধারয়েম বয়ং তেনাটবী মটসি গচ্ছসি নয়সীতি পাঠে পশূনবাকাং চিদস্যাং সা আত্মানাং বা নয়সি প্রাপয়সি তৎ ততঃ তৎপাদাম্বুজং বা কূর্পাদিভিঃ সুক্ষপাষাণাদিভিঃ কিংস্বিদ্ব্যথতে কিন্তু ব্যথত ইতিভবানেবায়ুর্জীবনং যাসাং তাসাং নো ধীর্ভ্রমতি মুহ্যতীতি॥ ১৯॥

ইতি দশেমে একত্রিংশ॥ ৩১॥

চক্রবর্ত্তিকৃত টীকা।

নন্থু ভো রসিকাঃ যৎপ্রার্থয়ধ্বে তন্মেচরণকমলং সংপ্রতিবনভ্রমণ সুখে নিমজ্জতো যুষ্মৎকুচেষু স্থাতুং নাবকাশং লভতে তত্র সরোদনমাহুঃ। যত্তে ইতি তব সুজাতমতিসুকুমারং যৎচরণাম্বুরুহং স্তনেষু দধিমহী তেনাপি ভীতা এববয়ং তেন চরণাম্বুরুহেণ অটবীং অটসীতি কাকুক্ত্যা হন্তহন্ত কীদৃশমনর্থ মসমসাহসং করোসীতিভাবঃ। নন্থু কথং ভীতাঃ স্থঃ তত্রবিশিংসন্তি কর্কশেধিতি স্তনানাং কঠোর.ত্বমেব ভয়হেতুরিত্যর্থঃ কিমিতি তর্হি রুধে তত্রাহুঃ। হে প্রিয়েতি ত্বং ভেম্বেব স্বচরণার্পণে প্রীণাসি ইতি ত্বৎসুখমালক্ষ্যেবেতিভাবঃ। কিঞ্চ তদানীং চরণেন স্তনপীড়নে ত্বৎ সুখে সাক্ষাদ্দৃষ্টেঽপি চরণসৌকুমার্য্যাদৃষ্টৈ্যব ব্যথা। অবশ্যং সম্ভবেদেবেতি শঙ্কয়াস্মাকং খেদাজ্জায়তে এবেত্যাহুঃ। শনৈর্দ্দধিমহীতি তৎসৌখ্যোপ্যার্ত্তি শঙ্কয়াখিন্নত্বমিতি মহাভাবলক্ষণ মিদং তেন ত্বৎ সংযোগেঽপ্যস্মাকং দুঃখবিধাত্রা ললাটে লিখিত মেবেতি ধ্বনিঃ। কিং কর্ত্তব্যং তপোভির্ব্বিধিং প্রতিস্তনানাং কোমলত্বে প্রার্থমানে তব সুখং নস্যাৎ কর্কশত্বে তচ্চরণানাং ব্যথেত্যুভয়থৈব সঙ্কটমস্মাকং ইত্যন্থধ্বনিঃ। ভবত্যস্মাকমেবং সংযোগয়োঃ কষ্টং ত্বন্তু স্বৈরিত্যেপি কিং কষ্টং সহসে যত্তেনাটবী মটসি কিং চরণাম্বুরুহ মেতদটব্যটনযোগ্যমিত্যুপালম্ভো ব্যঞ্জিতঃ। নন্থু যদা যন্মে মনস্যায়াতি তদা তদহং করোম্যত্র ভবতীনাং কিমিত্যত আহুঃ। তচ্চরণং ন ব্যথয়তে কিং

স্বিদপিতু ব্যথতৈব কিন্তু ত্বমেবাস্মাস্বিবস্মাঙ্গেষ্বপি নির্দ্দয় এব। কিম্বা এতামদ্দুঃখেনাতিদুঃখিন্যো ভবন্তি তস্মাদেতা দুঃখয়িতুং প্রবৃত্তেন ময়া স্বদুঃখমপি কর্ত্তব্যং বোঢ়ব্যং চেত্যাশয়েন তাং ব্যথামপি ন সহসে। কিম্বা অস্মদ্দুঃখদর্শন এব তব মহাসুখমত স্তাং ব্যথামপি ত্বং সুখমেব মন্যসে। কিম্বা সংসর্গজা দোষগুণা ভবন্তি ইতি ন্যায়েন যৎ পূর্ব্বং তে হৃদয়ং সুকুমারং আসীত্তদেবাস্মৎ কঠোরস্তনসঙ্গেন সংপ্রতি কঠোরমভূৎ যথা তথা এব তচ্চরণমপি স্তনসঙ্গেনৈব কঠোর মভূদতঃ। কূর্পাদিভিরপি ন ব্যথতে কিম্বা তচ্চরণস্পর্শমাহাত্মাৎ কূর্পাদয়োঽপি কোমলা এব ভবন্তি। কিম্বা ধরণ্যৈবাতিকারুণ্যাত্তন্মাধুর্য্যাস্বাদলোভা ত্বচ্চরণবিন্যাসস্থলে স্বজিহ্বাৎ উত্থাপ্যতে কিম্বা ত্বমস্মত্তোঽপি প্রেমসিন্ধু র্দৈববশাদস্মদ্বিরহসন্তপ্তো ভ্রমন্নুন্মাদদশাং প্রাপ্তঃ স্বচরণকথামপি নানুসন্ধৎসে ইত্যেব নানাকারণানি পরামৃশন্তীনাং নোঽস্মাকং ধীর্ভ্রমতি নতু কাপিনিশ্চয়ং লভত ইতিভাবঃ। নন্বেতৎ কিয়ৎ স্বদুঃখং ব্যঞ্জয়থ। অহন্তু তদ্দুঃখং ন মন্যে যেন প্রাণাস্ত্যক্ষ্যন্তীতি চেদত আহু র্ভবদায়ুষামিতি। ভবতি ত্বয়ুবায়ূংষি ভবানেব বা আয়ূংষি যাসাং তাসাং। কল্যাণবতি ত্বয়ি স্থিতত্বাদেতাবস্তিরপি কষ্টৈরস্মদায়ুষাং ন নাশ ইত্যর্থঃ। অয়ং ভাবঃ। ভবানিবাস্মান্ দুঃখয়িতুং প্রবৃত্তোবিধিরেতৎ বিচারয়তিস্ম যদ্যাসামায়ূংষি সংপ্রত্যাস্বেব স্থাপয়িষ্যামি তদামদ্দত্তৈরপি সন্তাপৈর্দগ্ধাশুব ইমাঃ সদ্যোমরিষ্যন্তি ততোঽহং পুনঃকাভ্যো দুঃখং দাস্যামি তস্মাদাশামায়ূংষি মৎ স্বধর্ম্মিণি মদ্বন্ধৌ কৃষ্ণে নিধায় যথেষ্টমিব অম্রিয়মাণাং অপারমেব দুঃখং ভোজয়ামীতি। অতএব বয়ং ন ম্রিয়ামহে। যদ্বা। এবং ধীরেব তদনিশ্চয়াদ্ভ্রমতি। প্রাণাস্ত্বস্মাকং নিশ্চয়েন দেহান্নির্গচ্ছন্ত্যেব ইতি ত্বং সম্প্রতি পশ্যেতিভাবঃ। নন্বায়ুষিস্থিতে কথং নাশ স্তত্রাহুঃ ভবদায়ুং ত্বৎ সমর্পিতায়ুষাং। স্বায়ুষিতুভ্যমস্মাভিঃ সম্প্রতি দত্তানি তৈশ্চিরং ত্বং ব্রজে খেলেতিভাবঃ॥ ১৯॥

ইতি সারার্থং দর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। একত্রিংশোঽত্র দশমে সঙ্গতঃ সঙ্গতঃ সতাং॥ ৩১ ॥

শ্লোকার্থঃ।——এই রূপে গোপিকার নিজ অভিলাষ। কহিতে কহিতে প্রেম হইল প্রকাশ॥ তাহে স্বতাৎপর্য্য সবে করি উপেক্ষণ। কৃষ্ণ সুখ লাগি কহে ব্রজাঙ্গনাগণ॥ ওহে কৃষ্ণ তুমি প্রাণপ্রিয় সবাকার। পঙ্কজ হইতে পদ কোমল তোমার॥ অত্যন্ত কোমল যেই তব শ্রীচরণ। ভয় পাই নিজ স্তনে করিতে ধারণ॥ নবযৌবনের জ্বালা করিতে বিদিত। করি মোরা সবে নাথ তেমন চরিত॥ অতি সুকর্কশ মানি আপনার স্তনে। তাহে থুতে যে পদ সর্ব্বদা ভয় মনে॥ হেন পদে নিশিতে হে কাননে ভ্রমণ। করিতেছ যাহা দেখি দুঃখ পায় মন॥ বনেতে আছে হে কত তৃণাঙ্কুর চয়। তাহাতে বাজিবে বলি বড় ভয় হয়॥ তব অনুগত হয় গোপিকা জীবিত। হেন দুঃখ দেওয়া তাহে না হয় উচিত॥ অতএব তেজি নাথ এত নিঠুরালি। দরশন দেহ সবে ওহে বনমালি॥ বৃন্দাবন চন্দ্র যার একান্ত শরণ। গোপাগীতা ভাষা রচে সে শ্রীনারায়ণ॥

ইতি গোপীগীতা সমাপ্তোহয়ং।

আত্মবোধ।

অর্থাৎ

শ্রীভগবান শঙ্করাচার্য্যকৃত বেদান্তদর্শনান্তর্গত

আত্মতত্ত্ব বোধোপযোগি গ্রন্থ, নানা যুক্তি

সহকারে গৌড়ীয় সাধু ভাষায়

শ্রীযুক্ত শ্রীনারায়ণ চট্টরাজ গুণনিধিকর্ত্তৃক

অনুবাদিত হইয়া

মূলের সহিত

শ্রীরামপুরের "তমোহর" যন্ত্রালয়ে

শ্রীযুত জে এচ্ পিটর্স সাহেবকর্ত্তৃক দ্বিতীয়বার মুদ্রিত হইল।

শকাব্দাঃ ১,৭৮০।

[মূল্য (।০) চারি আনা মাত্র।]

আত্মবোধাখ্যগ্রন্থঃ।

ভূমিকা।

প্রণম্য ব্রজগোপালপাদাম্ভোরুহমন্বহং।
ব্যাখ্যান মাত্মবোধস্য ক্রিয়তে দেশভাষয়া ॥

পরমেশ্বরের অবিচিন্ত্য সামর্থ্য কৌশলদ্বারা উদ্ভূত এই সুবিশাল অবনীমণ্ডলমধ্যে পশু পক্ষি কীটপ্রভৃতি বহুতর ভিন্ন২ প্রাণিসমূহ অপেক্ষা মানবমণ্ডলীর জ্ঞান-জ্যোতির আতিশয্যহেতু তাহারাই সর্ব্বোৎকৃষ্টরূপে নিরূপিত হইয়াছে। জ্ঞান যে কি অমূল্য পদার্থ ও ইহার কীদৃক্ আনন্দ-সম্পাদকতা তাহা বাগাড়ম্বর দ্বারা অভিনয়ন করা সুসাধ্য হয় না। আমরা যৎকালে যে কোন অভিনব বস্তুর স্বরূপ কি সত্তাপ্রভৃতি জ্ঞান করিতে অগ্রসর হই, তৎকালে আমাদের চিত্তবৃত্তি অতুল আনন্দ-সন্দোহে নিমগ্না হইতে থাকে। এই কারণবশতঃ কি বালক কি বৃদ্ধ কি যুবা সকলেই জ্ঞানামৃত আস্বাদ লালসায় সর্ব্বদা ব্যাকুল। বালকবৃন্দ স্বীয়২ জননীর ক্রোড়ে লালিত হইয়া উক্ত জ্ঞানামৃতের স্বাদু আস্বাদ মানসে তদীয় মুখনিঃসৃত বাক্যাবলি শ্রবণে ব্যগ্রতা প্রকাশ করত স্বীয়২ মাতৃগণের স্নেহ সুধাশীকরে সিঞ্চিত হয়। যুবাগণ এই কারণবশতই নানাবিধ আশ্চর্য্য কার্য্য সন্দর্শন-নিমিত্ত অনেকে কায়িক ক্লেশ স্বীকার করিয়াও দেশ বি-

দেশ ভ্রমণে তৎপর হয়েন। এবং অনেকে পুরাণ ইতি-হাসাদির আশ্চর্য্য উপাখ্যানসমূহ শ্রবণ করিবার নিমিত্ত নিত্য২ পণ্ডিতগণের উপাসনা করেন। কেহ২ বা স্বয়ং তদর্থাবধারণ নিমিত্ত অধ্যয়নশীল হইয়া ঘোরতর তিমি-রাবৃত রজনীতে পুস্তকোপরি নেত্র নিঃক্ষেপণ করত একাকী নিস্তব্ধ হইয়া দীপালোকের সহিত কালক্ষেপণ করেন। বৃদ্ধগণ এতদভিলাষেই আকুল হইয়া স্বীয়২ সমবয়স্ক ব্যক্তিবর্গের সহিত একত্রাবস্থিতিপূর্ব্বক নিয়ত গল্পোপলক্ষে বিবিধকল্পনার জল্পনা করিয়া স্বস্ব চিত্তের পরম সন্তোষ উৎপাদন করিয়া থাকেন। এবম্ভূত সাংসারিক অন্যান্য বস্তুর জ্ঞানামোদ অপেক্ষা আত্মতত্ত্বের জ্ঞান যে কি প্রকার আনন্দ বৃদ্ধিকর ও হিতকর হইয়াছে তাহা বর্ণনা করিয়া সীমা প্রাপ্ত হয় না। এই আত্মতত্ত্ব অনেকে অনেক রূপে বর্ণনা করিয়া থাকেন। তন্মধ্যে কেহ২ সাংসারিক সুখ দুঃখাদির সাধনভূত এতৎ স্থূলদেহকে পরম প্রেমাস্পদ বিবেচনায় আত্মা বলিয়া নিশ্চয় করেন। কিন্তু জ্ঞানিগণ ক্ষণেং এতদ্দৈহিক অবস্থাসমূহের পুনঃ পুনঃ পরিবর্ত্তন দৃষ্টি করিয়া তাহাকে অনিত্য বিবেচনা ও প্রকৃত আত্মতত্ত্বহইতে দেহকে ন্যূন প্রেমাস্পদ বোধ করিয়া তদ্রূপে স্বীকার করেন না। যদিও সামান্য দৃষ্টিতে অন্যান্যাপেক্ষা এতদ্দেহের প্রেমাস্পদতা অবধারিত আছে তথাপি ইহা রোগ শোক জরাপ্রভৃতির দ্বারা জীর্ণ হইলেও মনুষ্যাদির জীবিতাশা জীর্ণতা পায় না এইহেতু তাহাদিগের দেহকে পরম প্রেমাস্পদ বলা যায় না। এবং এতদ্দেহহইতে যৎকালে আত্মতত্ত্বের অবসৃতি হয় তৎকালে দেহের অখণ্ড অবয়বসমূহের সত্ত্বেও চৈতন্যানুভব থাকে না। এতন্নিমিত্ত কেহ২ প্রাণশ্রেণীকে আত্মা বলিয়া বিবেচনা করেন, যেহেতু প্রাণসমূহ

দেহহইতে নিঃসৃত হইলে দেহের সমুদায় চেষ্টা ও চৈতন্যের অভাব হয়। এবিষয়ে বিজ্ঞ-ব্যক্তিরা অনুমান করেন যে প্রস্তাবিত প্রাণসমূহ দেহাদির চেষ্টার নিমিত্ত বটে কিন্তু চৈতন্যের উদ্ভাবক নহে, যেহেতু তৎসমূহ বায়ুবিকার। যদ্যপি বায়ুনিচয়ের চৈতন্যাধারকতা সামর্থ্য থাকিত তবে ভস্ত্রাযন্ত্রপ্রভৃতিরও অবশ্যই চৈতন্য থাকা অনুভূত হইতে পারিত ও নিদ্রাকালেও মনুষ্যাদির জাগ্রৎতুল্য জ্ঞান ও চেষ্টাদি থাকিবার অসম্ভব হইত না। কারণ তৎকালেও প্রাণবায়ুর সত্তা থাকে, এতাবতা কেহ২ প্রাণবায়ুকে কেবল দৈহিক চেষ্টার কারণরূপে স্বীকারপূর্ব্বক মনস্তত্ত্বকে আত্মা বলিতে বাধিত হয়েন। তত্ত্বজ্ঞ ব্যক্তিনিকর তাহাও মনোহর বোধ করেন না। কেননা মনস্তত্ত্ব কেবল সঙ্কল্পময় স্বভাববিশিষ্টতাহেতুক বিকারি, এজন্য অনিত্য অথচ অভিমানকারিণী বুদ্ধিবৃত্তির অধীন। অতএব অন্য কেহ২ উক্ত বুদ্ধিকেই আত্মা বলিয়া নিশ্চয় করেন, যদ্দ্বারা আমি কর্ত্তা আমি ভোক্তা ইত্যাদি অভিমান জন্মে। কিন্তু পণ্ডিতেরা তাহাও স্বীকার করেন না। কারণ উক্ত বুদ্ধিবৃত্তি কেবল মায়ার কার্য্য এপ্রযুক্ত সুষুপ্তিকালে তাহা স্বীয় কারণভূত মায়াতে লীনা হইয়া থাকে। এতাবতা স্বভাবতঃ যে অজ্ঞানরূপ মায়ার কার্য্য সেও কি সমস্ত জ্ঞানের উদ্দীপক হইতে পারে? এইরূপ অজ্ঞানাত্মবাদপর্য্যন্ত নিতান্ত অযৌক্তিক ও অবৈদিক মতসমূহ স্বীকার করিলে যথার্থতত্ত্ব বোধ না হইয়া প্রত্যুত ভ্রমজালে পতিত হইতে হয়। এই নিমিত্ত বিশুদ্ধ চৈতন্যরূপ আত্মতত্ত্ব অঙ্গীকার পুরঃসর বেদান্ত শাস্ত্রের অনুগত এই আত্মবোধাখ্য গ্রন্থ ভগবান শঙ্করাচার্য্যদ্বারা বিরচিত হইয়াছে। যে চৈতন্য পদার্থ পূর্ব্বোক্ত দেহ ও প্রাণ ও মন এবং বুদ্ধিপ্রভৃতি সমস্ত বস্তু

অবভাসনপূর্ব্বক স্বয়ং স্বপ্রকাশ স্বভাবে ঈশ্বরাদি কীট-পর্য্যন্ত সমুদায় জীবদ্দেহে আত্মারূপে ও অন্যান্য বস্তুর সত্তারূপে অবস্থান করিতেছে, সেই জ্ঞানরূপী চৈতন্য পদার্থ অনাদি ও অবিনাশী। ইহার নবীন উদ্ভব যে কোন ব্যক্তি স্বীকার করেন, তন্মতে ঈশ্বরপদার্থেরও অস্তিতা নির্দ্ধারিতা হয় না। কারণ তাদৃশ ব্যক্তির স্বাভিমত ঈশ্বরপদার্থ কিরূপ তাহা নির্দ্দিষ্ট করিতে অগ্রসর হইলে ঈশ্বরসৃষ্ট ভূত ভৌতিক কার্য্য ও বুদ্ধি ও মন ও ইন্দ্রিয় এসমুদায় বস্তুহইতে অতিরিক্ত শূন্য, অথবা শূন্যেরও অসাক্ষিক স্থিতির অনুপপত্তিহেতু মিথ্যা, অথচ চৈতন্যরূপ স্বপ্রকাশ সত্য পদার্থের অভাবপ্রযুক্ত তাহাও মিথ্যা এইরূপ অলীক বাদাপত্তি হয়। বাস্তবিক যাঁহারা পরমেশ্বরের অস্তিতা অঙ্গীকার করেন তাঁহারা অবশ্যই তাঁহাকে সচেতন কহেন। নতুবা অচেতন বস্তুর কর্ত্তৃত্বপ্রভৃতি কদাপি সম্ভাবিত হয় না। এতাবতা পরমেশ্বর যখন এতৎসমস্ত প্রপঞ্চপদার্থের পারিপাট্যক্রমে রচনা করিয়াছেন তখন তাহা স্বীয় জ্ঞানুসারে করিয়া থাকিবেন ইহাতে সংশয় কি? অতএব জ্ঞান পদার্থ অনাদি ও অবিনাশী ইহা বলিতেই হইবে। তবে যে তাঁহারা কেহ২ এমত কহিয়া থাকেন যে পরমেশ্বরীয় জ্ঞান নিত্য ও তাঁহাহইতে এই অনিত্য জ্ঞানসমস্ত সৃষ্ট হইয়াছে। এবিষয়ে জিজ্ঞাস্য এই যে তাঁহারা পরমেশ্বরকে সর্ব্বব্যাপক কহেন কি না? যদি না কহেন তবে কি প্রকারে তাঁহার ঈশ্বরত্ব সিদ্ধি হইবে। আর যদ্যপি তাহা কহেন তবে তিনি আত্ম চৈতন্যের সহকারে ব্যাপক কি তদ্ব্যতিরেকে ব্যাপক, কিন্তু তিনি তৎসহকারে ব্যাপক হইলে দ্বিতীয় চৈতন্যের সৃষ্টি করিবার প্রয়োজন কি? তবে বরঞ্চ এমত বলা কর্ত্তব্য যে তাঁহার সেই

অপরিচ্ছিন্ন চৈতন্যরূপ আত্মা সর্ব্বত্রাবস্থিত হইয়াও উপাধিবশতঃ বহুবিধ ভিন্ন২ রূপে প্রতীত হয়েন। যে-প্রকার আকাশপদার্থ বহুবিধ ঘট সরাবাদিতে উপহিত হইয়া ভিন্ন২ রূপে ভাসমান হয়, সেইরূপ ঈশ্বরীয় চৈত-ন্যও নানা দেহেন্দ্রিয়েতে উপহিত হইয়া বহুবিধরূপে প্রতীত হইয়া থাকেন। বিশেষতঃ তাঁহাদিগের মতে পরমেশ্বর বস্তু যদ্যপি পূর্ণকাম হয়েন তবে তাহাতে তাঁহার এইসকল অনিত্য চিৎধর্ম্মী জীবকোটি সৃষ্টি করণের অপেক্ষা কি? বরঞ্চ এতৎ সৃষ্টি করণে তাঁহার অপূর্ণতা মাত্র প্রকাশ পায়। যেহেতু পূর্ণ-কাম ব্যক্তি স্বয়ং নিরপেক্ষ, এজন্য তাঁহার কোন বিষয়ক অভিলাষ উদয় হইতে পারে না। আর যদ্যপি তাঁহারা পরমে-শ্বরের পূর্ণকামতা স্বীকার না করেন তবে তাঁহাদিগের স্বাভিমত সেই পরমেশ্বরের সর্ব্বসমর্থতাও অস্বীকৃতা হইবে। কেননা যে ব্যক্তি সর্ব্বসমর্থ সেই ব্যক্তিই পূর্ণ-কাম ইহা সর্ব্বসাধারণের বিবেচনাসিদ্ধ আছে। সে যাহা হউক আমাদিগের এতদ্দোষ পরিহারের উপায় আছে, কেননা আমরা তাঁহাদিগের মত নূতন আত্মচৈ-তন্য সৃষ্টি হওয়া স্বীকার করি না। কিন্তু যেপ্রকার বিশুদ্ধ চৈতন্যে পরমেশ্বরত্বোপাধি অনাদি কালাবধি কল্পিত আছে সেইরূপ উক্ত চৈতন্যের অনাদি কালাবধি কোটি২ জীবত্বোপাধিও কল্পিত রহিয়াছে। অতএব সেই অনাদি জীবসমূহের প্রারব্ধ কর্ম্মবশতঃ পরমেশ্বরের শক্তি বিক্ষুব্ধা হইলে তৎসন্নিধিমাত্রে তাহাদিগের ভোগ্য ভোগাদির সৃষ্টি হয় ইহাতে দোষমাত্র সম্ভব হয় না। এতাবতা আমাদিগের সনাতন বেদশাস্ত্রের অভিপ্রা-য়ানুসারে বিরচিত তন্মত প্রকাশক প্রসিদ্ধ আত্মবো-ধাখ্য এই গ্রন্থ জ্ঞানান্বেষি যুবগণের পরিতোষনি-

মিত্ত গৌড়ীয় সাধুভাষায় অনুবাদপূর্ব্বক মূলের সহিত প্রকটিত করিতেছি বুধগণ সমবলোকন করিয়া অস্মদীয় অর্ব্বাচীনতার দোষ ক্ষমাপণপূর্ব্বক করুণাবিতরণে ক্ষমা করিবেন না। কিমলম্পল্লবিতেনেতি।

তপোভিঃ ক্ষীণপাপানাং শান্তানাং বীতরাগিণাং।
মুমুক্ষূণামপেক্ষ্যোঽয়মাত্মবোধোবিধীয়তে॥ ১।

[গ্রন্থকার প্রথমতঃ স্বাভিলষিত গ্রন্থ প্রকাশে অগ্রসর হইয়া তদধিকারি নির্দ্দেশপূর্ব্বক আদিম শ্লোক অবতরণ করিতেছেন]। তপস্যাদ্বারা ক্ষীণপাপ অথচ দ্বেষভাব ও বিষয়াভিলাষরহিত মুমুক্ষুগণের অপেক্ষণীয় এতদাত্ম-বোধনামক গ্রন্থ বিহিত হইতেছে। [গ্রন্থকারের এইরূপ বাক্যে ইহাই প্রতীত হয় যে, যে সমস্ত ব্যক্তিগণ পাপ-শূন্য অর্থাৎ বিহিতাকরণ ও প্রতিষিদ্ধ সেবন জন্য প্রত্য-বায়হইতে মুক্ত তাহারাই আত্মতত্ত্ব জ্ঞানাধিকারী।] যদিও এতৎ শ্লোকে কর্ম্মানুষ্ঠানের স্পষ্টাভিধান নাই তথাচ তাহা তপস্যাদ্বারা ক্ষীণপাপ এই শব্দের তাৎ-পর্য্যাধীন অববোধ করিতে হইবে। কেননা, বিহিত কর্ম্মের অকরণ ও প্রতিষিদ্ধ কর্ম্মের সেবন এতদ্ভিন্ন পাপ-জনক অন্য কিছু মাত্র নাই। কিন্তু ধার্ম্মিকদিগের এব-ম্বিধ পাপ কদাপি জ্ঞানকৃত হয় না এবিধায় তত্তৎ সমুদায় শব্দতঃ উল্লেখ না করিয়া তাহাদিগের অজ্ঞানকৃত পাপ সম্ভাবনায় চান্দ্রায়ণাদিরূপ তপস্যাদ্বারা তাহা ক্ষয় হওয়া অবধারণপূর্ব্বক ঈদৃশাভিধান অর্থাৎ "তপস্যাদ্বারা ক্ষীণ-পাপ," এই শব্দ প্রয়োগ করিয়াছেন। ফলতঃ এস্থলে ইহাও বিবেচনা কর্ত্তব্য যে কেবল পাপশূন্যতাই যে তত্ত্ব-জ্ঞানাধিকারের কারণ এমত নহে। কিন্তু যাহারা রাগ দ্বেষশূন্য, তাহারাই আত্মজ্ঞানাধিকারী। যেহেতু দৃষ্ট

ও শ্রুত ঐহিক এবং পারত্রিক বিষয়সমূহে রাগ দ্বেষ সত্ত্বে কদাপি তত্ত্ব জ্ঞানাধিকার হইতে পারে না। অতএব মূলে শান্ত ও বীতরাগী বলিয়া তদুভয় দোষরহিতকে নির্দ্দেশ করিয়াছেন। শান্ত শব্দে দ্বেষশূন্য ও বীতরাগী শব্দে রাগরহিত ব্যক্তিকে বুঝায়। যদিচ গ্রন্থান্তরে শান্ত শব্দে অন্তরিন্দ্রিয় নিগ্রহশীলকে কহিয়াছেন তথাপি এস্থলে দ্বেষশূন্যকেই বিবেচনা করিতে হইবে। কারণ এতৎ শ্লোকীয় শান্ত শব্দের অন্তরিন্দ্রিয় নিগ্রহশীল অর্থ হইলে তাহাতেই রাগ শূন্যতার সুতরাং প্রাপ্তি ছিল তবে পুনরায় বীতরাগী শব্দ প্রয়োগ করায় মদুক্ত অর্থই স্থির হইল। এবঞ্চ যাহাদিগের অনুকূল বিষয়ভোগে রাগ ও তৎ প্রতিকূলে দ্বেষ নাই তাহারা অবশ্যই মোক্ষা-ভিলাষী। এতাবতা তাদৃশ ব্যক্তির অপেক্ষণীয় এই আত্মবোধনামক গ্রন্থ কথিত হইতেছে। অপিচ এতদ্রূপ আত্মবোধাধিকারি বিষয়ে অনেকে উক্ত করেন যে ব্রাহ্মণ সকল জাতমাত্রে ঋণত্রয়দ্বারা আবৃত হয়েন, তাহা ঋষিঋণ, দেবঋণ, ও পিতৃঋণ এইরূপ কথিত আছে। অতএব সেই ঋণত্রয় দূরীকৃত না করিয়া মোক্ষাভিলাষী হইলে অধঃপতন হয় ইহা ভগবান্ মনু কহিয়াছেন যথা "ঋণানি ত্রীণ্যপাকৃত্য মনোমোক্ষে নিবেশয়েৎ। অন-পাকৃত্য মোক্ষন্তু সেবমানো ব্রজত্যধঃ" ॥ অর্থাৎ ঋণ-ত্রয় দূরীকরণপূর্ব্বক মনকে মোক্ষ বিষয়ে নিবিষ্ট করিবে তাহা না করিয়া যে ব্যক্তি মোক্ষ সেবা করে তাহার অধঃ-পাত হয়। এনিমিত্ত কেবল বিষয়বৈরাগ্য জাত হইলেই মোক্ষানুসন্ধান করিবে না কিন্তু বেদাধ্যয়ন ও দেবতা যজন ও পুত্রোৎপাদন এতদ্দ্বারা ঋণত্রয় দূর করিয়া মোক্ষ বিষয়ে যত্ন করিবে। ফলতঃ তাঁহাদিগের এতাদৃশাভিধান বহির্জাতবৈরাগ্যের প্রতি সম্ভব হয় না। কেননা বেদেতে

কহিয়াছেন যে "যদহরেব বিরজেত্তদহরেবপ্রব্রজেৎ" অর্থাৎ যখন বিরাগ জাত হইবে তখনি সন্ন্যাস করিবে। এইহেতু শুকদেব বামদেবপ্রভৃতি অনেকে ব্রহ্মচর্য্যপর্য্যন্ত করেন নাই তবে কি তাঁহাদিগের অধঃপতন হইয়াছে? বাস্তবিক, বেদেতে ত্রিবিধ প্রকারে মোক্ষের উপায়ভূত যোগসকল বিহিত হয় ইহা শ্রীভাগবতীয় একাদশ স্কন্ধে উদিত হইয়াছে যথা " যোগাস্ত্রয়ো ময়া প্রোক্তা নৃণাংশ্রেয়োবিধিৎসয়া। জ্ঞানংকর্ম্ম চ ভক্তিশ্চ নোপায়োঽন্যোঽস্তি কুত্রচিৎ॥ নির্ব্বিন্নানাং জ্ঞানযোগোন্যাসিনামিহ কর্ম্মসু। তেষ্বনির্ব্বিন্নচিত্তানাং কর্ম্মযোগশ্চ কামিনাং॥ যদৃচ্ছয়া মৎকথাদৌ জাতশ্রদ্ধস্তু যঃপুমান্। ননির্ব্বিন্নো নাতি-সক্তোভক্তিযোগোঽস্য সিদ্ধিদঃ॥" অর্থাৎ ভগবান্ শ্রীকৃষ্ণ কহিতেছেন যে মনুষ্যসমূহের শ্রেয়োবিধান অভিলাষে বেদেতে মৎকর্ত্তৃক জ্ঞানযোগ ও কর্ম্মযোগ ও ভক্তিযোগ এই প্রকার যোগত্রয় কথিত হইয়াছে যাহা ভিন্ন শ্রেয়ঃসাধনবিষয়ে কোন প্রকার উপায়ান্তর নাই। তন্মধ্যে যাহারা দুঃখদায়ক বিবেচনায় ইহপারলৌকিক বিষয়ভোগরূপ কর্ম্মফলে বিরক্ত আছে এবং তাদৃশ ফলজনক কর্ম্ম ত্যাগ করিয়াছে তাহাদিগের জ্ঞানযোগে অধিকার, ও যাহারা কর্ম্মফলভূত বিষয় ভোগাদিতে দুঃখ বুদ্ধি রহিত প্রত্যুত তত্তৎ কামনা বিশিষ্ট, তাহাদিগের কর্ম্মযোগে অধিকার। অপর যাহারা বিষয়ভোগাদিতে অত্যাসক্ত নহে ও সম্যক্ বিরক্তও নহে, এবম্বিধব্যক্তিদিগের ভাগ্যবশতঃযদ্যপি মৎকথা শ্রবণাদিতে শ্রদ্ধা জন্মে তবেই তাহারা ভক্তিযোগাধিকারী। এইরূপ শ্রীভাগবতপুরাণীয় অধিকারি ভেদ নির্ণয়দ্বারা প্রতীত হইতেছে যে যাহাদিগের সম্যক্ বৈরাগ্য জন্মিয়াছে তাহারা ব্রহ্মচারী বা গৃহস্থ অথবা বানপ্রস্থই হউক তথাপি জ্ঞানানুসন্ধান করিতে পারে। কিন্তু

যাহাদিগের বৈরাগ্যের ন্যূনতা আছে তাহারাই উক্তরূপ ঋণত্রয় দূরীকরণ করত শুদ্ধচিত্ত হইয়া মোক্ষপথে প্রবৃত্ত হইবে, নতুবা মন্দবৈরাগ্যাবস্থায় কর্ম্মাদি ত্যাগ করিয়া কেবল জ্ঞানানুসন্ধান করিলে সম্যক্ চিত্তশুদ্ধির অভাব-হেতু সুতরাং অধঃপতিত হইবে। কেননা বেদাধ্যয়না-দিরূপ যে ব্রাহ্মণাদির স্বকীয় ধর্ম্ম তাহা উল্লঙ্ঘনপুরঃসর জ্ঞানপথে প্রবৃত্ত হইতে বাসনা করিলে বিহিতানুষ্ঠান ত্যাগজন্য পাপে লিপ্ত হইতে হয় এবিধায় তাহাদিগের পাপ ক্ষয় না হইবায় তত্ত্ব জ্ঞানাধিকার হয় না ইহাই গ্রন্থকারকর্ত্তৃক ক্ষীণপাপ শব্দে উক্ত হইয়াছে। তবে যাহাদিগের বেদাধ্যয়নাদি স্বধর্ম্মানুষ্ঠান ব্যতিরেকেও সম্যক্ বৈরাগ্য দৃষ্ট হয় তাহাদিগের পূর্ব্বং জন্মে স্বধ-র্ম্মাদি অনুষ্ঠান সিদ্ধ হওয়া বিবেচনা করিতে হইবে, যে-হেতু স্বধর্ম্মানুষ্ঠানই সম্যক্ চিত্তশুদ্ধির কারণরূপে বর্ণিত আছে। ১।

বোধোঽন্যসাধনেভ্যো হি সাক্ষান্মোক্ষৈকসাধনং।
পাকস্য বহ্নিবজ্জ্ঞানং বিনা মোক্ষো ন সিদ্ধ্যতি ॥ ২।

[যদি বল বেদেতে যে প্রকার আত্মতত্ত্ব জ্ঞানকে মোক্ষ সাধন বলিয়া উক্ত করিয়াছেন সেইরূপ বর্ণাশ্রম ধর্ম্মানু-ষ্ঠানকেও তৎসাধনরূপে কহিয়াছেন তবে বর্ণাশ্রম ধর্ম্মি মানবগণ স্বধর্ম্মত্যাগপূর্ব্বক আত্মজ্ঞান বিষয়ে কি হেতু প্রবৃত্ত হইবে।] অতএব কহিতেছেন মোক্ষ সাধনের যে কোন অন্যরূপ উপায় আছে সে সমস্তাপেক্ষা আত্মবো-ধই এক সাক্ষাৎ উপায় (সাধন) হইয়াছে। কেননা যে প্রকার ওদনাদি পাকের প্রতি যদিও স্থালী কাষ্ঠ জলাদি-রূপ বহুবিধ কারণ আছে তথাপি বহ্নি ব্যতিরেকে পাক সিদ্ধ হয় না যেহেতু বহ্নিই তাহার সাক্ষাৎ সাধনভূত হই-

য়াছে সেইপ্রকার মোক্ষসিদ্ধির প্রতি কর্ম্মানুষ্ঠানপ্রভৃতি অন্যান্য কারণ উক্ত হইলেও আত্মজ্ঞান ব্যতিরেকে তাহার সিদ্ধি হয় না। [এতদ্দ্বারা ইহাই অবধারিত হইতেছে যে পাকসিদ্ধির প্রতি স্থালীকাষ্ঠাদিরূপ যে সমস্ত কারণ আছে তাহাদিগের প্রত্যেকের অভাবে পাক সিদ্ধ না হওয়ার অবশ্য সম্ভব বটে কিন্তু তাহারা ওদনাদির স্বীয়াবয়ব শৈথিল্য করণে কেহই সমর্থ নহে কেবল অগ্নিহইতেই তাহা নির্ব্বাহ হইয়া থাকে। এইহেতু যে প্রকার অগ্নিকে তাহার সাক্ষাৎ সাধন বলিয়াছেন সেই প্রকার কর্ম্মানুষ্ঠানাদি কারণ সমূহের মধ্যে একের অভাবে মোক্ষ সিদ্ধ না হইলেও তাহা সাক্ষাৎ সাধনরূপে গণ্য হয় না। যেহেতু পাকনিষ্পত্তির প্রতি বহ্নিবৎ মোক্ষের আত্মতত্ত্বজ্ঞানই সাক্ষাৎ কারণ হইয়াছে]। ২।

অবিরোধিতয়া কর্ম্ম নাবিদ্যাং বিনিবর্ত্তয়েৎ।
বিদ্যাঽবিদ্যাং নিহন্ত্যেব তেজস্তিমিরসংঘবৎ॥ ৩।

[তাহার প্রতি হেতু কহিতেছেন] কর্ম্ম এবং অবিদ্যা ইহাদিগের পরস্পর বিরোধিতা না থাকাহেতু কর্ম্ম কদাপি অবিদ্যাকে নিবৃত্তি করিতে পারে না! কিন্তু আলোক যেরূপ অন্ধকারের বিরোধিপ্রযুক্ত তাহাকে বিনাশ করে সেই প্রকার বিদ্যা ও অবিদ্যার নিত্য বিরোধিতা থাকাহেতু বিদ্যাই অবিদ্যাকে বিনষ্টা করে। [বেদান্ত শাস্ত্রমতে ব্রহ্মভিন্ন সমস্ত বস্তুই অবিদ্যাকল্পিত, অতএব কর্ম্মও অবিদ্যাকার্য্য, এনিমিত্ত তাহা অবিদ্যার বিরোধি হইতে পারে না; কিন্তু অবিদ্যা ভ্রমাত্মিকা মায়াবৃত্তি ও বিদ্যা প্রমাত্মিকা মায়াবৃত্তি এইহেতু তাহাদিগের পরস্পর বিরোধ থাকাপ্রযুক্ত বিদ্যা অবিদ্যাকে বিনাশ করিতে সমর্থা হয়। যদিও বিদ্যাও

মায়াকার্য্যই বটে তথাপি তাহা প্রমাত্মিকাহেতু আত্মতত্ত্ব মাত্রাবগাহিনী এবং অবিদ্যা ভ্রমাত্মিকা নিমিত্ত নানাবিধ দ্বৈতসৃষ্টিপ্রকাশিনী, এতাবতা বিদ্যাদ্বারা অবিদ্যার নাশ বিষয়ে আশঙ্কা কর্ত্তব্যা নহে]। ৩।

পরিচ্ছিন্ন ইবাজ্ঞানাত্তন্নাশে সতি কেবলঃ।
স্বয়ং প্রকাশতে হ্যাত্মা মেঘাপায়েহংশুমানিব॥ ৪।

[অবিদ্যা বিনাশ হইলে কি হয় তাহা কহিতেছেন] নিত্য অখণ্ড যে আত্মতত্ত্ব তাহা অবিদ্যাহেতু খণ্ড খণ্ডের ন্যায় প্রকাশ পায় অতএব তাহাতে অবিদ্যা উপাধিক সুখ দুঃখাদি আরোপিত হইলে আমি সুখী আমি দুঃখী ইত্যাদি মিথ্যাভিমান জাত হইয়া থাকে। কিন্তু বিদ্যার দ্বারা সেই অবিদ্যার বিনাশ হইলে উপাধি শূন্য স্বয়ং আত্মা স্বরূপতঃ প্রকাশিত হয়েন। তাহাতে দৃষ্টান্ত, যেরূপ অচঞ্চল সূর্য্যমণ্ডল সচল মেঘসমূহের দ্বারা আবৃত হইলে স্বপ্রকাশ হইয়াও মলিন ও চঞ্চলরূপে দৃষ্ট হয় পশ্চাৎ মেঘাবলি অপগত হইলে যে সূর্য্য সেই সূর্য্যই থাকেন অথচ তিনি নির্ম্মলরূপে লোকনিবহের অক্ষি-গোচরে প্রকাশ পান, ঐরূপ অবিদ্যোপাধি মুক্ত হইলে স্বাভাবিক মুক্ত আত্মাও মুক্ত বলিয়া ব্যপদিষ্ট হয়েন। ৪।

অজ্ঞানকলুষং জীবং জ্ঞানাভ্যাসাদ্বিনির্ম্মলং।
কৃত্বা জ্ঞানং স্বয়ং নশ্যেজ্জলং কতকরেণুবৎ॥ ৫।

[যদি বল, অজ্ঞানসংজ্ঞিতা যে ত্রিগুণাত্মিকা মায়া তাহা বিশুদ্ধ সত্ত্বাংশে বিদ্যা ও অবিশুদ্ধ সত্ত্বাংশে অবিদ্যা এতদুভয়রূপে পরিণতা আছে। তবে বিদ্যা-দ্বারা অবিদ্যা নিবৃত্তি হইয়া বিদ্যাসত্ত্বে কি প্রকারে আত্মার কৈবল্য হইতে পারে? কেননা কেবল শব্দের

অর্থ, ভিন্ন বস্তুদ্বারা অসংস্পৃষ্ট বিশুদ্ধ, তাহার ভাব, কৈবল্য, এইরূপ শাস্ত্রসিদ্ধ হইয়াছে। কিন্তু আত্মার অবিদ্যা নাশ হইয়াও মায়া কার্য্য বিদ্যার সংসর্গ থাকিলে অজ্ঞানই থাকিল এবিধায় আত্মার পূর্ব্বোক্ত কৈবল্য সিদ্ধ হইল না।] অতএব কহিতেছেন যে প্রকার কতকরেণু মলিন জলের মালিন্য সমুদায় বিনাশ করিয়া পশ্চাৎ আপনিও বিনষ্ট হয় সেইরূপ অজ্ঞানদ্বারা মলিন আত্মতত্ত্বকে জ্ঞানাভ্যাসহেতুক বিশেষরূপে নির্ম্মল করিয়া জ্ঞানরূপা বিদ্যাও স্বয়ং বিনষ্টা হয়। [মায়া ইহা সত্ত্ব রজঃ তম এই ত্রিগুণ পদার্থের সাম্যাবস্থা, যাহা সাংখ্য শাস্ত্রে প্রকৃতি বলিয়া বিখ্যাতা আছে, তন্মধ্যে সত্ত্বগুণ নির্ম্মল, ও রজোগুণ বিবিধ রাগাত্মক, এবং তমোগুণ মলিন ও মোহাত্মক, এবম্বিধ এই গুণসকলের পরস্পর সংসর্গাধীন এই সমস্ত সংসার বিরচিত হইয়াছে, অতএব সাংসারিক বস্তুসমূহে উক্ত গুণত্রয়াংশ প্রতীত হয়।] সত্ত্ব গুণের কার্য্য শম ও দম ও ক্ষান্তি ও বিবেক ও স্বধর্ম্ম-বর্ত্তিত্ব ও সত্য ও দয়া ও স্মৃতি ও তুষ্টি ও ব্যয়শীলতা ও বৈরাগ্য ও শ্রদ্ধা ও লজ্জা ও ঋজুতা ও বিনয়িতা ও আত্ম-রতিপ্রভৃতি। রজো গুণের কার্য্য কামনা, চেষ্টা, দর্প, তৃষ্ণা, ভেদবুদ্ধি, বিষয়ভোগ, মদোৎসাহ, স্তুতিপ্রিয়তা, হাস্য, বীর্য্য, অন্যায় উদ্যমপ্রভৃতি। তমোগুণের কার্য্য ক্রোধ, লোভ, মিথ্যা, হিংসা, যাচ্ঞা, দম্ভ, শ্রম, কলহ, শোক, মোহ, বিষাদ, পীড়া, অলস, অনুদ্যমপ্রভৃতি। অপর এই তিন গুণে সৃষ্টি, স্থিতি, প্রলয়। স্বর্গ, মর্ত্য, পাতাল। সুখ, দুঃখ, মোহ। জাগ্রৎ, স্বপ্ন, সুষুপ্তি। বাত, পিত্ত, কফ। শুক্ল, রক্ত, কৃষ্ণ, ইত্যাদিক্রমপ্রাপ্ত অখিল কার্য্য আছে। বাস্তবিক প্রকৃতি এই জগৎসমূহের ভ্রমজনক চিত্রপট তুল্যা হইয়াছে। যাহার প্রসারণে বহুবৈচিত্রময়

সংসারকার্য্যসমূহ প্রকাশিত হয় ও সঙ্কোচনে বিনাশ হয় ইহা স্বকীয় মনের অবস্থা বিবেচনা করিলেই সুস্পষ্ট প্রতীত হইবে। যখন আমাদিগের মনস্তত্ত্ব প্রসারিত থাকে তৎকালে কতপ্রকার অদ্ভুত আলোচনা ও কল্পনার সম্ভাবনা করা যায় তাহা বর্ণনেও বর্ণন করা দুঃসাধ্য, বরঞ্চ জাগ্রৎ সময়ে যে সমস্ত মানসিক ঘটনা হইয়া থাকে যদ্যপি তাহার কেহ পরিমাণ করিতে পারেন তথাপি স্বপ্নকালে যে সমস্ত আন্দোলন হয় তাহা তৎকালে প্রত্যক্ষতুল্য প্রতীয়মান হইলেও নিরূপণ করা যোগ্য হইতে পারে না। প্রাণিসমূহের অন্যান্য ইন্দ্রিয়াদিতে যে যে শক্তিসকল বিদ্যমান থাকে বোধ হয় তাহা সমস্তই মনের শক্তি, কারণ, মনঃসংযোগ ব্যতিরেকে কোন ইন্দ্রিয়ই স্বীয় কার্য্য করণক্ষম হয় না, কিন্তু ইন্দ্রিয়াদি ব্যতিরেকেও মনঃ স্বপ্নাবস্থায় একাকিই তাবৎ ইন্দ্রিয়ের কর্ম্ম করে। যদ্যপি সেই বিশ্বব্যাপিকা মায়ার পরমাণু তুল্য ক্ষুদ্রাংশ এই মনঃ এতাদৃশ বিচিত্র-জগৎ-কল্পনার কারণ হইল তবে স্বয়ং যে মায়া কীদৃশ প্রভাববতী তাহা কি বাক্যে নিরূপণ করা যাইতে পারে? প্রস্তাবিত: পারমেশ্বরী শক্তি সেই মায়ার বিদ্যা ও অবিদ্যা উভয় প্রকার রূপের মধ্যে বিদ্যা বিশুদ্ধ সত্ত্বাংশতাপ্রযুক্ত স্বচ্ছা এতন্নিমিত্ত তাহা চৈতন্যের মালিন্যকারিকা না হইয়া প্রভূত দীপান্বিত কাচকুডোর ন্যায় চৈতন্যাভাসদ্বারা প্রকাশিতা থাকিয়া বিশ্বস্রষ্টার অন্তরঙ্গোপাধিরূপে অভিহিতা হয়। এবং অবিশুদ্ধ সত্ত্বরূপা যে অবিদ্যা তাহা স্বকীয় গুণত্রয়ের বৈচিত্র্যহেতু বিচিত্ররূপা ও মালিন্যাংশ প্রধানা, এতন্নিমিত্ত স্বাবৃত চৈতন্যাভাস সমূহকে আবরণ করত জীবসমুদায়ের অন্তরঙ্গোপাধিরূপে ও পরমেশ্বরের বহিরঙ্গোপাধিরূপে নিশ্চিতা হয়।

ফলতঃ অবিদ্যার বৃত্তিরূপ অন্তঃকরণ যে প্রকার অস্মদাদির অন্তঃরঙ্গোপাধি ও দেহেন্দ্রিয়াদি বহিরঙ্গোপাধি সেইরূপ বিদ্যা ও অবিদ্যা এতদুভয়ই তাঁহার উভয় উপাধি হইয়াছে। অতএব শ্রীভাগবতে উক্ত উভয়কে পরমেশ্বরের অবয়ব বলিয়া অবধারিত করিয়াছেন। তথাচ একাদশস্কন্ধে "বিদ্যা হবিদ্যে মম তনূ বিদ্ধ্যুদ্ধব শরীরিণাং। বন্ধমোক্ষকরী আদ্যে মায়য়া মে বিনির্ম্মিতে"॥ অর্থাৎ হে উদ্ধব আমার মায়াদ্বারা বিনির্ম্মিত বিদ্যা ও অবিদ্যা এ উভয়ই আমার অবয়ব, তদুভয়দ্বারা শরীরিসমূহের ব্যতিক্রমে বন্ধ মোক্ষ ব্যবস্থিত হইয়া থাকে। আমরা যেপ্রকার স্বীয় অন্তরঙ্গোপাধিরূপ অন্তঃকরণদ্বারা বহিরঙ্গোপাধিরূপ দেহেন্দ্রিয়াদির সঙ্কোচন প্রসারণাদি করত নানাবিধ কর্ম্ম নির্ব্বাহ করি সেই প্রকার বিশ্বস্রষ্টাও বিদ্যাদ্বারা অবিদ্যার সঙ্কোচন প্রসারণাদি করত বিশ্বকার্য্য সম্পন্ন করেন, ইহাই ঈশ্বরত্ব ও জীবত্ব কল্পনার নিদান হইয়াছে। জীবসমূহের যেপ্রকার স্ব২ দেহে অভিমান আছে, জগন্নির্ম্মাতা পরমেশ্বরেরও সেইপ্রকার সমস্ত দেহ ও ভূত ভৌতিক কার্য্যে অভিমান রহিয়াছে। এই নিমিত্তই ঈশ্বর ও জীব সমষ্টি ও ব্যষ্টি শব্দে উক্ত হয়। সমষ্টি, যেপ্রকার নানা তরঙ্গায়িত জলসমূহের প্রত্যেক২ তরঙ্গ পৃথক২রূপে কথিত না হইলে মহাসমুদ্র নামে উক্ত হয়, সেইপ্রকার নানাজীবাকর বিশ্বনির্ম্মাতা সামস্ত্যরূপে অভিহিত হইলে পরমেশ্বর বলিয়া খ্যাত হয়েন। এবং ব্যষ্টি যেরূপ উক্ত সামুদ্রিক তরঙ্গসমুহ প্রত্যেকে স্থূলতরঙ্গ ও সূক্ষ্মতরঙ্গ ইত্যাদিক্রমে ব্যপদিষ্ট হয়, সেইরূপ সমস্ত জীবাদির পৃথক২ কথনেচ্ছায় মনুষ্য জীব এবং পশু জীব ইত্যাদি প্রকারে উল্লেখিত হয়। এইরূপ সমস্ত বৃক্ষের একত্রা-

ভিধানে বন ও তাহার পৃথক২ অভিধানে আম্রবৃক্ষ ও জম্বুবৃক্ষ ইত্যাদিরূপে উক্ত হইয়া থাকে। ব্রহ্মাণ্ড যে পরমেশ্বরের শরীর, তাহার প্রামাণ্য বিষয়ে অন্তর্যামি ব্রাহ্মণ ও পুরুষসূক্তপ্রভৃতি ভূরি২ বেদ ও নানাপ্রকার স্মৃতি বিদ্যমানা আছে। এস্থলে তাহার সঙ্কলনে প্রয়োজন নাই। ৫।

সংসারঃ স্বপ্নতুল্যো হি রাগদ্বেষাদি সঙ্কুলঃ।
স্বকালে সত্যবদ্ভাতি প্রবোধেঽসত্যবদ্‌ভবেৎ॥ ৬।

[অধুনা জ্ঞানের সাক্ষাৎ মোক্ষকারণতা অবধারণের নিমিত্ত সংসারকে অজ্ঞান কার্য্য বলিয়া দর্শাইতেছেন]ঃ যেহেতু রাগদ্বেষাদিযুক্ত এই সংসার স্বপ্ন তুল্য অর্থাৎ স্বপ্ন যে প্রকার অন্তঃকরণের ভ্রান্তিদ্বারা আত্মাধিষ্ঠানে বিবিধরূপে কল্পিত হয় সেই প্রকার এই সংসারও ব্রহ্মাধিষ্ঠানে অবিদ্যাদ্বারা কল্পিত হইয়াছে। অতএব স্বাপ্নিক কল্পনা যেরূপ স্বপ্নকালেই সত্য ও জাগ্রৎ কালে অসত্য, সেইরূপ সংসারসমস্তও অজ্ঞানাবস্থায় সত্য ও জ্ঞানাবস্থায় অসত্য ইহাই বিবেচনা করিতে হইবে। এতাবতা এক মাত্র জ্ঞানই অজ্ঞানমূলক সংসার রূপ বন্ধ নিবারণের প্রত্যক্ষ উপায়রূপে নিশ্চিত হইতেছে। স্বপ্ন পদার্থ মনেরই কল্পনা, যেহেতু মনঃ স্বভাবতঃ জাগ্রৎ ও স্বপ্ন উভয় অবস্থায় থাকিয়াই নানাবিধ চিন্তায় নিযুক্ত হয়, কিন্তু জাগরণকালে তাহার বাহ্যেন্দ্রিয়াদিতে অভিনিবেশ থাকায় চিন্তিত বিষয়সকল স্বপ্নবৎ প্রত্যক্ষ তুল্য প্রতীত হয় না। স্বপ্নাবস্থায় তাহার বাহ্যেন্দ্রিয়াদিতে অভিনিবেশের শৈথিল্য হওয়ায় তৎকালে সে যে সকল চিন্তা করে তাহা প্রত্যক্ষের ন্যায় ভাসমান হয়। আহা! উক্ত স্বপ্ন কি অদ্ভুত পদার্থ! উহাকে

নিরূপণ করিতে উপস্থিত হইলে বিশ্বনির্ম্মাতার অবিদ্যা শক্তির অঘটঘটনাকারিত্বই অনুভূত হইয়া থাকে। কেনন্ না অবিদ্যা শক্তির এক অতি ক্ষুদ্রাংশমাত্র মনই উক্ত অবস্থায় কার্য্যোৎপত্তির সমুচিত কারণ ব্যতিরেকেও অকস্মাৎ প্রাসাদ, অট্টালিকা, গ্রাম, নগর, বন, উপবন, নদ, নদী, গ্রহ, নক্ষত্রপ্রভৃতি সৃষ্টি করে। স্বপ্নদর্শি ব্যক্তি যৎকালে প্রস্তাবিত ঐ সকল অদ্ভুত ঘটনা অবলোকন করে তৎকালে সে একাকী এক ক্ষুদ্রতম গৃহমধ্যে শয়ন করিয়া থাকে অথচ জাগ্রৎপ্রায় কত২ বৃহদ্বস্তু ও কত শত আত্মীয় বন্ধুবান্ধব মধ্যস্থ শত্রুপ্রভৃতিকে সন্দর্শন এবং তাহাদিগের সহিত আলাপন করে, তাহার সীমা নাই। ইহাতেই বোধ হয় যে মনই তৎকালে স্বয়ং নানাবিধরূপে পরিণত হয়। সে আপনিই ব্যাঘ্র হইয়া আপনাকে ভয় দেখায় ও আপনিই মহিলা হইয়া আপনাকে আলিঙ্গন করে এইরূপ সমস্ত ঘটনাই মনঃহইতে উদ্ভূতা হয়। বস্তুতঃ যদিও উক্ত কল্পনাজাল অসত্য তথাপি তাহা তৎকালে সত্যবৎ প্রতিভাসিত হইয়া থাকে, নিদ্রাভঙ্গ হইলে আর তাহা কিছুই থাকে না। প্রস্তাবিত স্বপ্নাবস্থা যে প্রকার মনের দ্বারা কল্পিত সেই প্রকার জাগ্রৎ অবস্থায়ও তদ্দ্বারা কল্পিত, ইহা অনুমানের অবিরুদ্ধ ও শাস্ত্র প্রসিদ্ধও বটে। তথাচ শাস্ত্রং "জাগ্রৎ স্বপ্নঃ সুষুপ্তিশ্চ গুণতো বুদ্ধিবৃত্তয়ঃ। তাসাং বিলক্ষণোজীবঃ সাক্ষিত্বেন ব্যবস্থিতঃ"॥ অর্থাৎ জাগ্রৎ ও স্বপ্ন এবং সুষুপ্তি এতৎ সমুদায় অবিদ্যাগুণহেতুক বুদ্ধির পরিণতি এবং আত্মতত্ত্ব উক্ত জাগ্রদাদি অবস্থার বিপরীত অথচ ঐ সকলের সাক্ষিস্বরূপ হইয়াছেন। বিশেষতঃ স্থূলদেহের নিবৃত্তি ও উৎপত্তি বিষয়ে শ্রীভাগবত পুরাণে এই রূপ উক্তি রহিয়াছে যে "স্বপ্নে যথা পশ্যতি দেহমীদৃশং মনোরথেনাভিনিবিষ্টচেতনঃ।

দৃষ্টশ্রুতাভ্যাং মনসানুচিন্তয়ন্ প্রপদ্যতে তৎ কিমপি হ্যপস্মৃতিঃ॥" অর্থাৎ যেরূপ জীব স্বপ্নকালে সকল দৃষ্ট রাজাদি ও শ্রুত ইন্দ্রাদির আধিপত্য স্মরণ করিয়া প্রাপ্ত সংস্কারবশতঃ উক্ত অবস্থায় স্বয়ং রাজা বা ইন্দ্র হইয়া তত্তদুপাধিনিষ্ঠ সুখ দুঃখাদি ভোগ করে এবং উক্ত ভোগকালীন স্বকীয় পূর্ব্বদেহ ও পূর্ব্বাবস্থা বিস্মৃত হয়, সেইরূপ মুমূর্ষু কালে তাহাদিগের কর্ম্ম প্রেরিত মন যেং দেহে অভিনিবিষ্ট হয় তত্তৎ দেহ প্রাপ্ত হইয়া তৎকালীন সুতরাং পূর্ব্বদেহ বিস্মৃত হয়। ইহাকেই মরণ কহি। যেহেতু উক্ত পুরাণের একাদশ স্কন্ধে কহিয়াছেন যে "জন্তোর্ব্বৈ কস্যচিদ্ধেতোর্মৃত্যুরত্যন্তবিস্মৃতি"। অর্থাৎ কোন কারণবশতঃ জন্তুদিগের পূর্ব্বদেহবিষয়ক যে অত্যন্ত বিস্মৃতি, তাহাই মৃত্যু বলিয়া খ্যাত হয়। এবং সেই প্রকারে পূর্ব্বদেহ বিস্মৃত হইয়া যে দেহে অত্যন্ত অভিনিবিষ্ট হয় তদ্দেহই প্রাপ্ত হইয়া থাকে ইহাকেই জন্ম বলিয়া প্রস্তাবিত পুরাণে উক্ত করেন যথা "জন্মত্বাত্মতয়া পুংসঃ সর্ব্বভাবেন ভূরিদ। বিষয়স্বীকৃতং প্রাহুর্যথা স্বপ্নমনোরথঃ"॥ অর্থাৎ হে ভূরিদ উদ্ধব, পুরুষের স্বপ্ন এবং মনোরাজ্যকালিক দেহান্তর প্রাপ্তিবৎ অন্য দেহে তদপেক্ষায় সর্ব্বতোভাবে যে আত্মীয়তা স্বীকরণ (অভেদ ভাবনায় অভিমান প্রকাশন) তাহার নাম জন্ম, ইহা পণ্ডিতগণ কহেন। অতএব আত্মার দেহ বা গুণ অথবা কর্ম্ম ইত্যাদি সমুদায়ই অবিদ্যার বৃত্তিরূপ মনোদ্বারা স্বপ্নবৎ কল্পিত হয় ইহাও সেই পুরাণের দ্বাদশস্কন্ধে কথিত আছে যথা "মনঃ সৃজতি-বৈ দেহান্ গুণান্ কর্ম্মাণি চাত্মনঃ। তন্মনঃ সৃজতে মায়া ততোজীবস্য সংসৃতিঃ"॥ অর্থাৎ আত্মার দেহ ও গুণ ও কর্ম্ম এই সকল মনই সৃষ্টি করে এবং এই

মন মায়াহইতে সৃষ্ট হয় তন্নিমিত্তই জীবের সংসারাপত্তি হইয়া থাকে। যদি বল এতৎ বিশ্বকার্য্য সমুদায় মনঃ কল্পিত হইলে যাহার যাহা মনঃ কল্পিত তাহা সেই ব্যক্তিই উপলব্ধি করিতে পারে অন্যে তাহা কিরূপে পারিবে? কেননা এক ব্যক্তির স্বপ্ন অন্য ব্যক্তির প্রত্যক্ষ হওয়া কদাচ সম্ভব হয় না! উত্তর, তাহা সত্য বটে, ফলতঃ যদ্যপি এতৎ সমস্ত জগৎ কোন ব্যক্তি-বিশেষের দ্বারা কল্পিত হইত তবে তাহা অন্যের প্রত্যক্ষ হইবার সম্ভব ছিল না। কিন্তু তাহা সমস্ত জীবাভিমানি পরমেশ্বরের অবিদ্যা শক্তি, যাহা ব্যস্ত (বিভক্ত) অসীম জীবের অন্তঃকরণোপাধির আকর হইয়াছে তদ্দ্বারা কল্পিত হইলে কিহেতু সকল জীবের প্রত্যক্ষ না হইবে? অতএব একের অসত্তায় অন্যের অসত্তা বা একের সত্তায় অন্যের সত্তা ইহা সম্ভাবিত নহে। কারণ ব্যবহারাবস্থায় অর্থাৎ যাবৎ কৈবল্য না হয় তাবৎ এই সমস্ত জগৎ অসত্য হইয়াও সত্য, পশ্চাৎ তত্ত্বানুসন্ধানদ্বারা কৈবল্য লাভ হইলে নিদ্রাচ্যুত ব্যক্তির স্বপ্ন নাশবৎ সংসার নাশ হইয়া থাকে ইহাই এতৎ শ্লোকের অভিপ্রায়। ৬।

তাবৎ সত্যং জগদ্ভাতি শুক্তিকা রজতং যথা।
যাবন্নজ্ঞায়তে ব্রহ্ম সর্ব্বাধিষ্ঠানমদ্বয়ং।। ৭।

[ভ্রমাত্মক বস্তুর অধিষ্ঠান তত্ত্বের জ্ঞানব্যতিরেকে ভ্রম নিবৃত্তি হয় না কিন্তু তত্ত্বজ্ঞান হইলে ভ্রান্তি কল্পনার বিনাশ হয় ইহাই দৃষ্টান্তের সহিত কহিতেছেন]। যেরূপ শুক্তিতত্ত্বের অজ্ঞানহেতু তদধিষ্ঠানে রজত ভ্রম হইলে যাবৎ শুক্তি জ্ঞান না জন্মে তাবৎ শুক্তিকে রজত বলিয়াই বোধ হইয়া থাকে, পশ্চাৎ শুক্তিজ্ঞান হইলে রজতের অসত্যতা প্রতীতি হয়, সেইরূপ যাবৎ সমস্ত

বিশ্বভ্রান্তির অধিষ্ঠান (আশ্রয়) ভূত অদ্বিতীয় ব্রহ্মতত্ত্ব অবগতি না হয় তাবৎ জগৎকার্য্যসকল সত্যরূপেই ভাসমান হইয়া থাকে। [রজত যেপ্রকার শুক্তিকাধিষ্ঠানে ভ্রান্তিকল্পিত ও স্বপ্ন যেরূপ আত্মাধিষ্ঠানে মনঃকল্পিত, জাগ্রদবস্থাও সেইরূপ ব্রহ্মাধিষ্ঠানে অবিদ্যাকল্পিত অতএব অধিষ্ঠানভূত ব্রহ্মতত্ত্বজ্ঞানে তাহার বিনাশ হয়। স্বপ্ন পদার্থকে কেহ২ স্মৃতি বলিয়া অঙ্গীকার করেন কিন্তু তাহা স্মৃতি হইলে প্রত্যক্ষের ন্যায় অবভাসমান কেন হইবে, বিশেষতঃ স্বপ্নেও এক প্রকার স্মৃতি হইয়া থাকে তদবস্থায় বহুকাল দূরদেশে স্থিতি করিয়া স্বদেশীয় কোন প্রণয়ির প্রণয় স্মরণেও ব্যাকুল হইতে হয়। এতাবতা স্বপ্ন কদাপি স্মৃতি নহে কেবল মনের স্বকীয় ভ্রামক সামর্থ্যদ্বারা আত্মাধিষ্ঠানে কল্পিত ইহা যথাবস্থিত আত্মার জ্ঞান হইলে যেরূপ বিনাশ প্রাপ্ত হয় সেইরূপ জগৎকার্য্যও তত্ত্বজ্ঞানে বিলীন হইয়া থাকে। এই রূপ এতৎ শ্লোকে বিশ্বভ্রান্তি বিষয়ে আত্মতত্ত্বের বিবর্ত্তকারণতা উল্লেখ হইল। বিবর্ত্ত শব্দে তাহাকেই কহি যাহা পরিণাম কারণ অপেক্ষা অধিক কাল স্থায়ি হইয়া কার্য্য মাত্রে অনুগত হয়, যেপ্রকার অন্তঃকরণের পরিণামদ্বারা উৎপন্ন ভ্রমাত্মক রজত কার্য্যের প্রতি শুক্তি। কেননা শুক্তিতত্ত্বের জ্ঞানদ্বারা রজত কার্য্যের পরিণাম কারণভূত ভ্রান্তির বিনাশ হইলেও বিবর্ত্ত কারণ রূপ শুক্তি খণ্ডের বিনাশ হয় না। সেইরূপ জগৎ কার্য্যের বিনাশে তাহার বিবর্ত্ত কারণ ব্রহ্মতত্ত্ব যাহা সত্তা-সামান্যরূপে কার্য্যমাত্রে অনুগত আছে তাহার বিনাশ হয় না।]। ৭।

উপাদানেঽখিলাধারে জগন্তি পরমেশ্বরে।
সর্গস্থিতিলয়ান্ যান্তি বুদ্বুদানীব বারিণি॥ ৮॥

[অধুনা বিশ্বের প্রতি পরমাত্মার পরিণাম কারণতা দর্শাইয়া অদ্বয়তত্ত্ব নিরূপণ করিতেছেন]। যেপ্রকার সুবর্ণপিণ্ডে কটক কুণ্ডলাদি নানাবিধ অলঙ্কারসমূহ কল্পিত হয় সেইপ্রকার জীবাজীব সর্ব্ব বস্তুতে অবস্থিত, নিত্য অথচ ব্যাপক স্বরূপ সপ্রকৃতিক অর্থাৎ প্রকৃতি শক্তির সহিত উল্লেখিত ব্রহ্মেতে বিবিধপ্রকারে ভাসমান এই জগৎ সমুদায় বিশেষরূপে কল্পিত হইয়াছে। [কার্য্যমাত্রের উৎপত্তিবিষয়ে সর্ব্বত্রই কারণত্রয়ের অর্থাৎ বিবর্ত্তকারণ ও পরিণাম কারণ এবং নিমিত্তকারণ এই সকলের অপেক্ষা আছে, তন্মধ্যে যাহা স্বরূপবিক্রিয়া না পাইয়াও কার্য্যে অনুপ্রবিষ্ট থাকে তাহাকে বিবর্ত্তকারণ কহি, যেপ্রকার ঘটকার্য্যে ঘটত্ব ও শুক্তিতে ভ্রমাত্মক রজত কার্য্যে শুক্তি। এবং যাহা বিক্রিয়া প্রাপ্ত হইয়া কার্য্যে প্রবিষ্ট থাকে তাহাকে পরিণামকারণ কহি, যেপ্রকার ঘটকার্য্যে মৃত্তিকা ও শুক্তিতে ভ্রমাত্মক রজতকার্য্যে অন্তঃকরণের ভ্রান্তি, অপর যাহার সাহায্য ব্যতিরেকে পরিণাম কারণের রূপান্তর হইতে পারে না, তাহাকে নিমিত্তকারণ কহি, যেপ্রকার ঘটকার্য্যের প্রতি চক্র, দণ্ড, কুলালপ্রভৃতি ও শুক্তি রজত কার্য্যে চক্ষুঃপীড়ক কাচ কামলাদি। পূর্ব্ব শ্লোকে বিশ্ব কল্পনা বিষয়ে পরমাত্মাকে ভ্রমাত্মক রজত কার্য্যের বিবর্ত্তকারণ শুক্তির ন্যায় বিশ্বের বিবর্ত্তকারণ বলা হইয়াছে এক্ষণে কেহ যদ্যপি তাহার পরিণামকারণ অন্য কিছু থাকা বিবেচনা করেন তৎপরিহারার্থ সপ্রকৃতিক পরমাত্মাকেই বিশ্বের পরিণামকারণ বলিয়া উল্লেখ করিলেন]। ৮।

যথাকাশো হৃষীকেশো নানোপাধিগতোবিভুঃ।
তদ্ভেদাদ্‌ভিন্নবদ্ ভাতি তন্নাশাদেকবদ্ভবেৎ। ৯।

[সংপ্রতি এক বস্তুর ভিন্ন২ রূপে প্রতীতি বিষয়ে দৃষ্টান্ত

দর্শাইতেছেন]। আকাশ যেপ্রকার এক বৃহৎ বস্তু হইয়াও ঘটশরাবাদি বিবিধ উপাধি প্রাপ্ত হইয়া উপাধির ভিন্নতাহেতু শরাবাকাশ ঘটাকাশ এরূপ ভিন্ন২ প্রতীতির বিষয় হয় ও সেই উপাধির নাশ হইলেও পূর্ব্বসিদ্ধ একরূপেই থাকে সেইপ্রকার সর্ব্বেন্দ্রিয় প্রবর্ত্তক ও সর্ব্বব্যাপক পরমাত্মা দেবতামনুষ্যাদি উপাধিতে গত হইয়া ভিন্ন২ রূপে প্রকাশিত প্রায় বোধ হয়েন ও সেই উপাধিসমূহের নাশে যে এক, সেই একই থাকেন। ৯।

নানোপাধিবশাদেবং জাতিনামাশ্রয়াদয়ঃ।
আত্মন্যারোপিতাস্তোয়ে রসবর্ণাদিভেদবং॥ ১০।

[যদি বল উপহিত বস্তুতে উপাধির ধর্ম্ম কি প্রকারে দৃষ্ট হয় ইহা দৃষ্টান্তের সহিত কহিতেছেন]। যেপ্রকার বিশেষ২ বস্তু সংযোগে জলেতে রসবর্ণপ্রভৃতি আরোপিত হইয়া থাকে সেইপ্রকার নানা উপাধিবশতঃ জাতি নাম আশ্রয়প্রভৃতি আত্মাতে আরোপিত হয়। ১০।

পঞ্চীকৃতমহাভূতসম্ভবং কর্ম্মসঞ্চিতং।
শরীরং সুখদুঃখানাং ভোগায়তনমুচ্যতে॥ ১১।

[অধুনা আত্মার দেহাদি উপাধি নিরূপণ করত প্রথমতঃ স্থূল দেহ বিবেচনা করিতেছেন]। পঞ্চীকৃত অর্থাৎ এক২ ভূত প্রত্যেক পঞ্চভূতের গুণযুক্ত এবম্ভূত মহাভূতহইতে প্রাক্তন কর্ম্মবশতঃ সম্ভূত এতৎ স্থূল শরীর সুখ দুঃখের ভোগায়তনরূপে উক্ত হয়। [ইদানীন্তন কোন২ বিজ্ঞমানি ব্যক্তিগণ জীবের প্রাক্তন কর্ম্ম স্বীকার করেন না বোধ করি তবে তাঁহারা যে জগৎকারণ ঈশ্বর অঙ্গীকার করেন তাহাও মৌখিক হইবে। কেননা যাঁহারা ঈশ্বর স্বীকার করেন তাঁহারা অবশ্যই জীবের পূর্ব্ব২ অদৃষ্ট স্বীকার করিয়া থাকেন, কিন্তু ইহাদি-

গের জীবের পূর্ব্বকর্ম্ম স্বীকার না করাতেই ঈশ্বর স্বীকার না করা প্রতীতি হইতেছে, যেহেতু ঈশ্বর সর্ব্বসামর্থ্যমত্তাহেতু পূর্ণ, এনিমিত্ত সর্ব্ব নিরপেক্ষরূপে পরম সুখবিশিষ্ট, কারণ যাহার কোন বিষয়ে অপেক্ষা না থাকে তাহাকেই পূর্ণ ও পরমসুখী বলা যায়, অপেক্ষা সত্ত্বে তাহা কদাপি বলা যাইতে পারে না। তবে তাঁহারা যাঁহাকে ঈশ্বর বলেন তিনি পূর্ণ হইয়া কি অপেক্ষায় নূতন জীবসমূহ সৃষ্টি করিলেন এবং কেনইবা সর্ব্বত্র সম হইয়া তাহাদিগের মধ্যে কাহাকে সুখী কাহাকে দুঃখী এই রূপ বিষম কর্ম্ম করিলেন। অপর প্রস্তাবিত ব্যক্তিরা যদ্যপি পরমেশ্বরের পূর্ণতাতেও অস্বীকৃত হয়েন তবে তাঁহার সর্ব্বসমর্থতার অভাবহেতু সুতরাং ঈশ্বরত্বেরও অভাব হইবে। অপিচ ঈশিতা শক্তিমান্‌কে ঈশ্বর বলি যদ্যপি সৃষ্টির পূর্ব্বে কেহই ঈশিতব্য ছিল না তবে তাঁহার ঈশ্বরত্বও ছিল না ইহা কেন না বলা যাইবে। অতএব ঈশ্বর পদার্থ যেরূপ নিত্য সেইরূপ জীবসমূহও নিত্য ইহা না বলিলে নবীন রাজ্য প্রাপ্ত ব্যক্তির রাজত্বের পূর্ব্বে তাহাকে লাভের রাজা বলা অযোগ্যের ন্যায় সৃষ্টির পূর্ব্বে তৎকর্ত্তাকে ঈশ্বর বলাও যোগ্য হয় না। আমরা ঈশ্বরের ন্যায় জীবেরও অনাদিত্ব স্বীকার করিয়া তাহাদিগের অনাদি শুভাশুভ কর্ম্মাধীন উচ্চ নীচ ভাব প্রাপ্তি অভিধান করি। ইহা হইলে ঈশ্বরের অপূর্ণতা বা বিষমতা কিছুমাত্র সম্ভব হয় না। স্বতঃ পূর্ণব্যক্তি পরানুরোধে কার্য্য করিলে তাহাকে কখনই অপূর্ণ বলা যায় না। অতএব হে পাঠকগণ আপনারা তাদৃশ ছদ্ম নাস্তিকের মতে নিষ্ঠীবন পূর্ব্বক স্বজাতীয় সনাতন শাস্ত্রে সমাদর প্রকাশ করুন।] ১১।

পঞ্চ প্রাণমনোবুদ্ধিদশেন্দ্রিয়সমন্বিতং।
অপঞ্চীকৃতভূতোত্থং সূক্ষ্মাঙ্গং ভোগসাধনং ॥ ১২।

[ইদানীং সূক্ষ্মশরীর বিবেচনা করিতেছেন]। পঞ্চ প্রাণ ও মন এবং বুদ্ধি ও পঞ্চ জ্ঞানেন্দ্রিয় ও পঞ্চ কর্ম্মেন্দ্রিয় এই সপ্ত দশাবয়বযুক্ত অপঞ্চীকৃত অর্থাৎ পূর্ব্বোক্ত পঞ্চী ক্রিয়া অপ্রাপ্ত তন্মাত্রনামক ভূত নির্ম্মিত সূক্ষ্ম দেহ জীবসমূহের সুখ দুঃখাদি ভোগের সাধন হয়। [গ্রন্থা-ন্তরে এতদ্দেহকেই লিঙ্গদেহ বলিয়াছেন ইহা জাগ্রদ্দেহের উপলব্ধি-বিরামে স্বপ্নকালে উপলব্ধ হইয়া থাকে। এত-দ্দেহের বিশেষ কোন আকার নাই কিন্তু অন্তঃকরণই প্রস্তাবিত দেহ বলিয়া কথিত হয় যেহেতুক তাহা সমস্ত ইন্দ্রিয় ও বুদ্ধিপ্রভৃতির উদ্ভাবক হইয়াছে, প্রাণও অন্তঃ-করণের অধীন অতএব তাহার ইচ্ছা ও জ্ঞান এবং ক্রিয়া শক্তিমত্ত্ব উল্লেখিত আছে। প্রাণের অন্তঃকরণাধীনত্ব বিষয়ে জীবের স্বেচ্ছাধীন অঙ্গ প্রত্যঙ্গ চালনাদি-কর্তৃ-ত্বই প্রবল প্রমাণ, তবে যে অঙ্গ অবশীভূত হইয়া অন্তঃ-করণের দ্বারা চালিত না হয় তাহাতে প্রাণের সম্যক্-গতিও থাকে না ইহা বিবেচনা করিতে হইবে। বিশে-ষতঃ মনের অনুগামি জীবসমুহের জন্ম মরণাদি পূর্ব্বেই নিরূপণ করা গিয়াছে]। ১২।

অনাদ্যবিদ্যানির্ব্বাচ্যা কারণোপাধিরুচ্যতে।
উপাধিত্রিতয়াদন্যমাত্মানমবধারয়েৎ ॥ ১৩।

[সংপ্রতিকারণশরীর নির্দ্দেশপূর্ব্বক আত্মতত্ত্বকে উক্তো-পাধিত্রয়ের বিপরীত বলিয়া নিরূপণ করিতেছেন]। অনা-দি অথচ স্বরূপতঃ ও গুণতঃ নির্ব্বচন করণাশক্যা যে অবি-দ্যা তাহা কারণোপাধিরূপে উক্ত হয়। কিন্তু আত্মত-ত্ত্বকে উক্তোপাধিত্রয়হইতে ভিন্ন বলিয়া জ্ঞাত হইবে।

[যেহেতু অবিদ্যাহইতে জাগ্রৎ স্বপ্নাদিময় সংসারসকল উদ্ভূত হয় এবং সুষুপ্তি সময়ে তাহাতে লীন হইয়া থাকে অতএব তাহা কারণশরীর বলিয়া নির্দ্দিষ্টা হইয়াছে]। ১৩।

পঞ্চকোষাদিযোগেন তত্তন্ময়ইব স্থিতঃ।
শুদ্ধাত্মা নীলবস্ত্রাদিযোগেন স্ফটিকোযথা ॥ ১৪।

[এইরূপ আত্মার উপাধিত্রয়হইতে ভিন্নতা প্রতিপাদন পুরঃসর অধুনা তাঁহার পঞ্চকোষ-বিলক্ষণতা অভিধান করিতেছেন]। যেপ্রকার শুদ্ধ স্বভাব স্ফটিক নীল বস্ত্রাদি যোগহেতুক তত্তদ্বস্ত্রের নীলতাদি বর্ণ ধারণ করে সেইরূপ অন্নময়প্রভৃতি পঞ্চ কোষাদি যোগদ্বারা আত্মা তত্তন্ময় তুল্য হইয়া থাকেন। [পঞ্চকোষের নাম অন্নময় কোষ, প্রাণময় কোষ, মনোময় কোষ, বিজ্ঞানময় কোষ, আনন্দময় কোষ। তন্মধ্যে পিতৃ মাতৃ ভুক্ত অন্ন বিকার হইতে জাত স্থূল দেহকে অন্নময় কোষ বলি কেননা কোষ যে প্রকার খড়গাদিকে আচ্ছাদন করে দেহও সেই প্রকার আত্মাকে আচ্ছাদন করে, অতএব তাহা কোষ পদে অভিহিত হয়। এতৎ কোষধর্ম্মাধ্যাসে আমি স্থূল ও আমি কৃশ ইত্যাদি দেহধর্ম্ম আত্মাতে আরোপ হইয়া থাকে। প্রাণময় কোষ, দেহেন্দ্রিয়াদির চেষ্টা সাধন প্রাণাদি বায়ু পঞ্চক। তদ্দ্বারা আমি ক্রিয়াবান আমি ক্ষুৎপিপাসাবান এবম্প্রকার প্রাণধর্ম্ম আত্মাতে আরোপিত হয়। মনোময় কোষ মনোমাত্র, যদ্দ্বারা অসন্দিগ্ধ আত্মার সংশয়বিশিষ্টতা অধ্যাস হয়। বিজ্ঞানময় কোষ বুদ্ধি, তদ্দ্বারা আমি কর্ত্তা ও আমি ভোক্তা ইত্যাদিরূপ বুদ্ধিধর্ম্ম আত্মাতে আরোপিত হয়। আনন্দময় কোষ কারণোপাধি, তদ্দ্বারা সামান্য প্রিয়মোদ রহিত আত্মার প্রিয়মোদবিশিষ্টতা অধ্যস্তা হইয়া থাকে]। ১৪।

বপুস্তুষাদিভিঃ কোষৈর্যুক্তং যুক্ত্যবঘাততঃ।
আত্মানমান্তরং শুদ্ধং বিবিচ্যাত্তণ্ডুলং যথা ॥ ১৫।

[অধুনা পঞ্চকোষহইতে আত্মাকে ভিন্নরূপে বিবেচনা করিবার প্রকার কহিতেছেন]। যেপ্রকার অবঘাতদ্বারা ধান্যপ্রভৃতির তুষাদি ত্যাগ করিয়া শুদ্ধ তণ্ডুল গ্রহণ করা যায়, সেইপ্রকার যুক্তিরূপ অবঘাতদ্বারা আত্মার দেহাদি কোষরূপ তুষাদিকে দূর করিয়া বিশুদ্ধ আত্ম-তত্ত্বকে বিবেচনা করিবে। [সে যুক্তি এইরূপ, এতদ্দেহ আত্মা নহে যেহেতু জড়, এবং এতৎ প্রাণসমূহও আত্মা নহে যেহেতু বায়ু, কেননা বাহ্য বায়ু অচেতন তাহাও সেইরূপ অচেতন, অপর এতৎ মনও আত্মা নহে কারণ তাহা বিকারি। এবং বুদ্ধিও আত্মা নহে কারণ তাহার স্বকীয় কারণীভূত অবিদ্যাতে লয় থাকাপ্রযুক্তই তাহাকেও জড় বলা যায় এইরূপ কারণোপাধিও আত্মা নহে যেহেতু তাহা সমাধিতে লীন হয়, অতএব এতৎ পঞ্চকোষহইতে ভিন্ন ও তদ্বিপরীত লক্ষণাক্রান্ত আত্মতত্ত্ব ইহাই বিবে-চনীয়]। ১৫।

সদা সর্ব্বগতোপ্যাত্মা ন সর্ব্বত্রাবভাসতে।
বুদ্ধাবেবাবভাসেত স্বচ্ছেষু প্রতিবিম্ববৎ ॥ ১৬।

[এইরূপে আত্মার পঞ্চকোষ বিলক্ষণতা উক্ত করিয়া ইদানীং তাঁহার সর্ব্বগতত্ত্ববিষয়ক আশঙ্কা পরিহার করি-তেছেন]। আত্মতত্ত্ব যদিও সর্ব্বগত, তথাপি তাহার সর্ব্বত্র প্রকাশ নাই, কারণ অবিদ্যাকল্পিত অন্যান্য সর্ব্ব পদার্থই মলিন অতএব তাহা কেবল বুদ্ধিতেই প্রতিভাস-মান হয়। এতদ্বিষয়ের দৃষ্টান্ত, যেপ্রকার সূর্য্যাদির প্রতিবিম্ব কোন মলিন বস্তুতে প্রকাশিত না হইয়া জলাদি স্বচ্ছ বস্তুতেই প্রকাশিত হয় সেইরূপ। ১৬।

দেহেন্দ্রিয়মনোবুদ্ধি প্রকৃতিভ্যো বিলক্ষণং।
তদ্বৃত্তি সাক্ষিণং বিদ্যাদাত্মানং রাজবৎ সদা॥ ১৭।

অতএব আত্মাকে দেহ ও ইন্দ্রিয় ও মন এবং বুদ্ধি ও প্রকৃতি এতৎ সমস্তহইতে বিলক্ষণ অর্থাৎ বিপরীত লক্ষণাক্রান্ত ও উক্ত সমস্ত বিষয়ের সাক্ষি স্বরূপ জ্ঞান করিবে। যেপ্রকার রাজার ক্ষমতাদ্বারা ক্ষমতাপন্ন রাজপুরুষেরা যেসকল কর্ম্ম করে, তাহাতে একমাত্র রাজারই প্রভুত্ব থাকে সেইপ্রকার দেহেন্দ্রিয়াদিগণ যে সমুদায় ব্যাপার সম্পন্ন করে তাহাতে মাত্র আত্মারই এক প্রভুত্ব আছে। আত্মা না থাকিলে তাহারা কেহই স্ব স্ব ব্যাপারে ক্ষমতাপন্ন হইতে পারে না। ১৭।

ব্যাপৃতেস্বিন্দ্রিয়েস্বাত্মা ব্যাপারীবাবিবেকিনাং।
দৃশ্যতেহভ্রেষু ধাবৎস্থ ধাবন্নিব যথা শশী॥ ১৮।

জীবের ইন্দ্রিয়গণই স্ব স্ব বিষয়ে ব্যাপৃত হয়, কিন্তু অবিবেকিগণ আত্মতত্ত্বকেই ব্যাপারশালিরূপে বিবেচনা করে মেঘসমূহ ধাবমান হইলে অজ্ঞেরা চন্দ্রকে ধাবমান বিবেচনা করে। ১৮।

আত্মচৈতন্যমাশ্রিত্য দেহেন্দ্রিয়মনোধিয়ঃ।
স্বকীয়ার্থেষু বর্ত্তন্তে সূর্য্যালোকং যথা জনাঃ॥ ১৯।

যেপ্রকার লোকসমূহ সূর্য্যের আলোককে আশ্রয়পূর্ব্বক স্বীয়২ কার্য্যে প্রবৃত্ত হয়, সেইরূপ আত্ম চৈতন্যকে আশ্রয় পুরঃসর দেহ ও ইন্দ্রিয় ও মন এবং বুদ্ধি ইহারা স্ব স্ব বিষয়ে প্রবৃত্ত হইয়া থাকে। [আধুনিক যুবগণ যাঁহারা কেবল বিজাতীয় শাস্ত্রাধ্যয়নেই প্রাপ্তসংস্কার হইয়াছেন তাঁহারা মনঃ পদার্থকে জড় না বলিয়া চৈতন্য স্বরূপ বিবেচনা করেন। কিন্তু তাঁহাদিগের সেই বিবেচনা সদ্বিবেচনার বহির্ভূত। কেননা যে মনস্তত্ত্ব শরীরের সহিত

ভূয়োভূয়ঃ বিকারপ্রাপ্ত হয়, সেই সবিক্রিয় বস্তুকে কি প্রকারে চৈতন্য স্বরূপ বলা যাইতে পারে। দেখ বাল্যকালে আমাদিগের মনঃ যে প্রকার অবস্থা প্রাপ্ত ছিল পৌগণ্ডাদিক্রমে তাহার কত পরিবর্ত্তন ঘটিয়াছে ইহা বিবেচনা করিলে এক ব্যক্তির মনের দ্বারা যে পূর্ব্বাপর সকল কর্ম্ম কৃত হইয়াছে তাহা কখনই বোধ হয় না। যখন প্রত্যেক২ অবস্থায় মনের এতাদৃশ অবস্থার প্রভেদ হয় তখন যে তাহা চৈতন্যস্বভাব হইবে ইহার সম্ভব কি? চৈতন্যপদার্থ স্বয়ং অবিক্রিয় এনিমিত্ত সর্ব্বকাল সমভাবস্থায়ী, ইহা না বলিলে বিশ্বাধার পরমাত্মাকেও সবিকার বলিতে হয় অথচ তিনি নির্ব্বিকার চিন্মাত্র স্বরূপ বলিয়া সর্ব্ববাদিমতে প্রসিদ্ধ আছেন। দেহের সহিত মনের অবস্থা পরিবর্ত্তনের কথা কি কহিব, কাম ক্রোধ শোক বিষাদ দৈন্য ইত্যাদিদ্বারা তাহার ক্ষণে২ বিকার প্রাপ্ত হওয়া কোন্ ব্যক্তির অপ্রত্যক্ষ, বিশেষতঃ মাদকাদি দ্রব্য আহারজন্য মনঃ যে কিরূপ অবস্থান্তর প্রাপ্ত হইয়া থাকে তাহা অনেকেরই বিদিত আছে। অতএব মনস্তত্ত্বকে কদাপি চৈতন্য স্বরূপ বলা যাইতে পারে না]। ১৯।

দেহেন্দ্রিয়গুণান্ কর্ম্মাণ্যমলে সচ্চিদাত্মনি।
অধ্যস্যন্তেঽবিবেকেন গগনে নীলতাদিবৎ॥ ২০।

[যদি বল দেহেন্দ্রিয়াদি আত্মা না হইলে আমি স্থূল আমি কৃশ আমি করি আমি যাই এরূপ ভান কেন হয়, অতএব কহিতেছেন]। যেপ্রকার অজ্ঞ ব্যক্তিগণ মেঘাদি শূন্য নির্ম্মল আকাশে নীলত্বাদির আরোপ করে, সেই প্রকার শুদ্ধ সজ্জ্ঞান স্বরূপ আত্মাতেও অবিবেকদ্বারা দেহেন্দ্রিয়াদির গুণ ও কর্ম্ম সকল আরোপিত হইয়া থাকে। ২০।

অজ্ঞ নান্মানসোপাধেঃ কর্ত্তৃত্বাদীনি চাত্মনি।
কল্প্যন্তেঽম্বুগতে চন্দ্রে চলনাদি যথাম্ভসঃ ॥ ২১।

যেপ্রকার জলমধ্যে প্রতিবিম্বিত চন্দ্রমণ্ডলে জলীয় চলনাদি কল্পিত হয়, সেই প্রকার অজ্ঞানহেতু অন্তঃকরণোপাধির কর্ত্তৃত্বাদি আত্মাতে কল্পিত হইয়া থাকে। ২১।

রাগেচ্ছাসুখদুঃখাদিবুদ্ধৌ সত্যাং প্রবর্ত্ততে
সুষুপ্তৌ নাস্তি তন্নাশে তস্মাদ্বুদ্ধেস্তু নাত্মনঃ ॥ ২২।

[অধুনা অন্তঃকরণধর্ম্ম রাগেচ্ছাদির অনাত্ম ধর্ম্মতা প্রতিপাদন করিতেছেন]। যেহেতু মনুষ্যাদির জাগ্রৎ ও স্বপ্ন এতদুভয়াবস্থায় বুদ্ধির সদ্ভাব নিমিত্ত রাগ ও ইচ্ছা ও সুখ ও দুঃখপ্রভৃতি প্রবৃত্ত হয়, সুষুপ্তি সময়ে উক্ত বুদ্ধির স্বীয় কারণে লয় হইলে প্রস্তাবিত রাগাদি থাকে না, সেইহেতু তৎসমস্ত বুদ্ধির গুণ নচেৎ আত্মার গুণ নহে। [তর্কশাস্ত্রে রাগেচ্ছাপ্রভৃতিকে আত্মার গুণ বলিয়া বর্ণন করেন কিন্তু তত্ত্বজ্ঞ ব্যক্তিরা উক্ত মতকে উত্তমরূপে বেদ বিরুদ্ধ বলিয়া স্বীকার করেন না। কারণ আত্মপদার্থকে বেদে নির্গুণ নিষ্ক্রিয় বলিয়া অভিধান করিয়াছেন। বিশেষতঃ রাগ ইচ্ছা সুখ দুঃখপ্রভৃতি আত্মার গুণ হইলে ঐ সকল গুণ তাহার স্বাভাবিক হইতে পারে, তাহা হইলে মুক্ত ব্যক্তিরও উক্ত সকল গুণ থাকার সম্ভব অথচ দৃষ্ট হয় না, কেননা বদ্ধের ন্যায় মুক্ত ব্যক্তিরও যদ্যপি রাগেচ্ছাদি গুণ থাকে তবে বদ্ধ ও মুক্ত এতদুভয়ের কিছুমাত্র বৈলক্ষণ্য থাকে না। যদি বল রাগেচ্ছাদি আত্মার স্বাভাবিক ধর্ম্ম নহে, কিন্তু ঐ সকল গুণ তাহার নৈমিত্তিক অর্থাৎ নিমিত্ত বশতঃ জন্মে, সুতরাং আত্মার সহিত মনের সংযোগ হইলেই তৎসমস্ত প্রকাশ পায়। অতএব মুক্তব্যক্তির মনের সমাধি হইলে তদবস্থায় রাগাদির উদয় না হওয়া ও

বদ্ধ ব্যক্তির মন থাকাপ্রযুক্ত তাহা হওয়া ইহাই বদ্ধ ও মুক্তের প্রভেদক। উত্তর, ইহাও অযোগ্য, কেননা যদ্যপি আত্মার রাগেচ্ছা সুখ দুঃখপ্রভৃতি আত্মাতে মনঃ-সংযোগ ব্যতিরেকে উদয় না হয় তবে মুক্তব্যক্তির মনঃ সমাহিত হইলে তাহার সুখেরও উদয় হইতে পারে না, সুতরাং বেদে মুক্তব্যক্তিকে যে পরমসুখী বলিয়াছেন তাহা বিরুদ্ধ হয়। বিশেষতঃ মুক্তিতে যদ্যপি সুখ সম্বন্ধ না থাকে তবে মনুষ্যগণ কি হেতু তাহাতে প্রবৃত্ত হইবে। অপর যদি বল, মুক্তদিগের তাৎকালিক সুখ দুঃখাভাবই সুখ তাহা হইলে অচেতন লোষ্ট্র খণ্ডকেও সুখী বলা যাইতে পারে। অতএব রাগেচ্ছাদি কদাপি আত্মার গুণ নহে।] ২২।

প্রকাশোঽর্কস্য তোয়স্য শৈত্যমগ্নের্যথোষ্ণতা।
স্বভাবঃ সচ্চিদানন্দনিত্যনির্ম্মলতাত্মনঃ॥ ২৩।

[আত্মার স্বভাব নির্ব্বচনদ্বারা প্রতিপাদিতার্থকেই স্থির করিতেছেন]। যেপ্রকার সূর্য্যের স্বভাব প্রকাশ, জলের স্বভাব শীতলতা, অগ্নির স্বভাব উষ্ণতা, সেইরূপ আত্মার স্বভাব, সত্তা, জ্ঞান আনন্দ ও নিত্যনির্ম্মলতা। [যথার্থতঃ যেরূপ সূর্য্যাদির স্বীয়২ স্বভাব কদাপি পরিবর্ত্তিত হয় না সেইরূপ আত্মারও স্বকীয় স্বভাবের কখনই পরিবর্ত্তন নাই। এনিমিত্ত তাহাতে রাগ দ্বেষ সুখ দুঃখাদি নানা-বিরুদ্ধ ধর্ম্ম সম্ভাবিত হইতে পারে না]। ২৩।

আত্মনঃ সচ্চিদংশশ্চ বুদ্ধের্বৃত্তিরিতিদ্বয়ং।
সংযোজ্য চাবিবেকেন জানামীতি প্রবর্ত্ততে।। ২৪।

[যদি বল আত্মার সত্তাজ্ঞানাদি ভিন্ন অন্য স্বভাব না থাকিলে, আমি জানি এই বাক্যে জ্ঞানের "জানি" এই-রূপ অভিমানাবগাহিতা কি হেতু প্রতীতি হইয়া থাকে

তাহাতে কহিতেছেন]। জীব, আত্মার সচ্চিদংশ অর্থাৎ সত্তাত্মক জ্ঞানাংশ এবং বুদ্ধির বৃত্তিরূপ অভিমান এই দুই পদার্থকে অবিবেকহেতুক একত্র সংযোগ করত আমি জানি এই বাক্য কহিতে প্রবৃত্ত হয়। ২৪।

আত্মনো বিক্রিয়া নাস্তি বুদ্ধের্বোধো ন জাত্বিতি।
জীবঃ সর্ব্বমলংজ্ঞাত্বা জ্ঞাতা দ্রষ্টেতি মুহ্যতি॥ ২৫।

অপিচ আত্মার বিক্রিয়া নাই ও বুদ্ধির জ্ঞান নাই কিন্তু জীব ঐ উভয়কে মিলিত জানিয়া আপনাকে জ্ঞাতা ও দ্রষ্টা ভাবিয়া মুগ্ধ হয়। ২৫।

রজ্জুসর্পবদাত্মানং জীবোজ্ঞাত্বা ভয়ং বহেৎ।
নাহং জীবঃ পরাত্মেতি জ্ঞানঞ্চেন্নির্ভয়োভবেৎ॥ ২৬।

[যদি বল জীবের কর্ত্তৃত্ব ভোক্তৃত্বাদি সমুদায় অবিদ্যা-কল্পিত হইলে সংসারাদির ভয় কি, অতএব কহিতে-ছেন]। যেপ্রকার অনিবিড় অন্ধকারস্থিত রজ্জুখণ্ডে পুরুষ বিশেষের হঠাৎ সর্প ভ্রম হইলে বিবেচনাদ্বারা যাবৎ তাহার যথার্থ তত্ত্ব অবগম না হয় তাবৎ মানসিক ভয়োদয় হইয়া থাকে। সেই প্রকার অভয়স্বরূপ আত্মাতে জীবত্ব আরোপিত হইলে সেই জীবই ভয় প্রাপ্ত হয়, পশ্চাৎ সে যখন আমি জীব নহি কিন্তু পরমাত্মা এই-রূপ জ্ঞান করে তখন সেই পরমাত্মতত্ত্ব জ্ঞানহেতুক তাহার কল্পিত জীবত্বের বিনাশ হইলে সুতরাং ভয় থাকে না। [এবিষয়ে কেহ২ বিতর্ক করেন যে রজ্জুখণ্ডে যে সর্পভ্রান্তি হইয়া থাকে সেই সর্প অবাস্তবিক বটে, ফলতঃ পূর্ব্বদৃষ্ট সর্পের বাস্তবিকতা না হইলে তাহা রজ্জুখণ্ডে আরোপিত হইতে পারে না। কারণ যে ব্যক্তি বাস্তবিক সর্প কখনই দর্শন করে নাই তাহার কি তাদৃশ ভ্রম হইবার সম্ভাবনা থাকে, কেমনা দধিতে

আকাশপুষ্পের ভ্রম হওয়া কাহারো দৃষ্টও সম্ভাবিত হয় নাই। অতএব যদিও তোমাদিগের মতে এতৎ সংসার ভ্রমকল্পিত হউক তথাপি এবম্বিধ বাস্তবিক কোন সংসার অবশ্যই থাকিবে নচেৎ ভ্রমসিদ্ধি কিরূপে হয়। অতএব যদ্যপি ভ্রমসিদ্ধির নিমিত্ত অন্য সংসারের সত্যতার অপেক্ষা হইল তবে এতৎ সংসারকেই সত্য বলিলে হানি কি। যদ্যপি ইহাতে কোন দোষ হয় তবে তাহাতেও সেই দোষ হইতে পারে। উত্তর, আমরা ভ্রমসিদ্ধির নিমিত্ত আরোপ্য পদার্থের স্থানান্তরীয় সত্যতা স্বীকার করি না কেবল তদ্বিষয়ক মানসিক পূর্ব্বসংস্কারকে ভ্রমসিদ্ধির কারণ বলি। অতএব অনাদি প্রবাহপতিত পূর্ব্ব২ সংসারের সংস্কার উত্তরোত্তর সংসার ভ্রমের কারণ হয়, উক্ত সংস্কারও মায়িক এনিমিত্ত আমাদিগের অদ্বৈত হানিও হয় না]। ২৬।

আত্মাবভাসয়ত্যেকোবুদ্ধ্যাদীনীন্দ্রিয়াণি হি।
দীপোঘটাদিবৎ স্বাত্মা জড়ৈস্তৈর্নাবভাস্যতে।। ২৭।

[যদি বল আত্মার বুদ্ধীন্দ্রিয়াদি অবভাসকত্ব স্বীকার না করিয়া বুদ্ধীন্দ্রিয়াদির আত্মাবভাসকতা স্বীকার কেন না করি, তাহাতে কহিতেছেন]। যেপ্রকার প্রজ্বলিত প্রদীপ ঘটাদি সমুদায়কে প্রকাশ করে ও উক্ত সমুদায় বস্তু তাহাকে প্রকাশ করিতে পারে না, সেই প্রকার আত্মা, বুদ্ধি ও ইন্দ্রিয় সকলকে প্রকাশ করেন কিন্তু জড়স্বভাব উক্ত বুদ্ধীন্দ্রিয়াদিদ্বারা তিনি প্রকাশিত হয়েন না। ২৭।

স্ববোধে নান্যবোধেচ্ছা বোধরূপতয়াত্মনঃ।
নদীপস্যান্যদীপেচ্ছা যথা স্বাত্মপ্রকাশনে।। ২৮।

অপিচ যে প্রকার প্রজ্বলিত প্রদীপের স্বাত্ময়র প্রকাশের নিমিত্ত অন্য দীপের অপেক্ষা করে না, সেই প্রকার

আত্মার স্বরূপ জ্ঞানের প্রতি জ্ঞানান্তরের অপেক্ষা নাই। যেহেতু আত্মাই স্বয়ং জ্ঞানস্বরূপ হন। ২৮।

নিষিধ্য নিখিলোপাধীন্নেতি নেতীতি বাক্যতঃ।
বিদ্যাদৈক্যং মহাবাক্যৈর্জীবাত্মপরমাত্মনোঃ॥ ২৯।

[অধুনা আত্মতত্ত্ব জ্ঞানের প্রকার কহিতেছেন।] "ইহা আত্মা নহে, ইহা আত্মা নহে" এইপ্রকারে আত্মার পূর্ব্বোক্ত দেহেন্দ্রিয়াদি সমস্ত উপাধিকে নিষেধ করিয়া তত্ত্বমসি অর্থাৎ সেই পরমাত্মা "তুমি" এই মহাবাক্যদ্বারা সমস্ত নিষেধের অবধিভূত জীবাত্মা পরমাত্মার ঐক্যকে জ্ঞাত হইবে। ২৯।

আবিদ্যকং শরীরাদিদৃশ্যং বুদ্বুদবৎ ক্ষরং।
এতদ্বিলক্ষণং বিদ্যাদহং ব্রহ্মেতি নির্ম্মলং॥ ৩০।

অবিদ্যা নির্ম্মিত শরীরাদি দৃশ্য অর্থাৎ জ্ঞেয় পদার্থ সকল জল বুদ্বুদ তুল্য নশ্বর, ইহাহইতে বিরুদ্ধ লক্ষণা-ক্রান্ত নির্ম্মল ব্রহ্মপদার্থ স্বরূপ "আমি" এইরূপ জ্ঞান করিবে। ৩০।

দেহান্যত্বান্নমে জন্ম জরাকার্শ্যলয়াদয়ঃ।
শব্দাদিবিষয়ৈঃ সঙ্গো নিরিন্দ্রিয়তয়া ন চ॥ ৩১।

যেহেতু আমি দেহহইতে ভিন্ন অতএব আমার জরা বা কৃশতা কিম্বা লয়প্রভৃতি নাই এবং আমার ইন্দ্রিয়-শূন্যতা-হেতুক শব্দ স্পর্শরূপ রস গন্ধ এই সকল বিষয়ের সহিত সম্বন্ধও নাই। ৩১।

অমনস্ত্বান্ন মে দুঃখরাগদ্বেষভয়াদয়ঃ।
অপ্রাণোহ্যমনাঃ শুভ্র ইত্যাদি শ্রুতিশাসনাৎ॥ ৩২।

আমার মনঃশূন্যতাপ্রযুক্ত রাগ ও দ্বেষ ও ভয়প্রভৃতির সম্ভাবনা নাই যেহেতু শ্রুতিতে আত্মা অপ্রাণ ও অমনা ও স্বচ্ছ এই প্রকার শাসন দৃষ্ট হয়। ৩২।

নির্গুণোনিষ্ক্রিয়োনিত্যোনির্বিকল্পোনিরঞ্জনঃ।
নির্বিকারোনিরাকারোনিত্যমুক্তোহস্মি নির্ম্মলঃ॥ ৩৩।

আমি নির্গুণ ও নিষ্ক্রিয় এবং নিত্য ও বিকল্পরহিত ও নিরঞ্জন অর্থাৎ অবিদ্যামালিন্য বর্জ্জিত ও বিকারহীন ও আকারশূন্য এবং নিত্যমুক্ত ও নির্ম্মলস্বরূপ হইয়াছি। ৩৩।

অহমাকাশবৎ সর্ব্ববহিরন্তর্গতোহচ্যুতঃ।
সদা সর্ব্বসমঃ শুদ্ধোনিঃসঙ্গোনির্ম্মলোহচলঃ॥ ৩৪।

এবং আমি আকাশের ন্যায় সকল বস্তুর বাহ্য ও অন্তর্গত এবং চ্যুতিরহিত ও সর্ব্বকালে সর্ব্ব বস্তুতে সম অথচ শুদ্ধ ও নিঃসঙ্গ অতএব মালিন্যরহিত ও অচল অর্থাৎ স্বরূপ বা স্বভাবহইতে চলিত নহি। ৩৪।

নিত্যশুদ্ধবিমুক্তৈকমখণ্ডানন্দমদ্বয়ং।
সত্যং জ্ঞানমনন্তং যৎ পরং ব্রহ্মাহমেব তৎ॥ ৩৫।

অপর বেদে এক নিত্যশুদ্ধ মুক্তস্বরূপ ও অদ্বিতীয় অখণ্ডানন্দ স্বরূপ অথচ সত্য ও জ্ঞান অনন্তরূপি যে পরব্রহ্ম উক্ত আছেন তাহাও আমি। ৩৫।

এবং নিরন্তরং কৃত্বা ব্রহ্মৈবাস্মীতি বাসনা।
হরত্যবিদ্যা বিক্ষেপান্ রোগানিব রসায়নং॥ ৩৬।

[আত্মজ্ঞান প্রকারকে উপসংহরণ করিতেছেন]। এইরূপ নিরন্তর চিন্তা করিলে আমি ব্রহ্ম এই প্রকার সংস্কার জাত হইয়া যেরূপ রসায়ণনামক ঔষধি রোগনিচয়কে হরণ করিয়া থাকে সেইরূপ অবিদ্যাবিক্ষেপরূপ সংসার কার্য্যসমূহকে হরণ করে। ৩৬।

বিবিক্তদেশআসীনোবিরাগোবিজিতেন্দ্রিয়ঃ।
ভাবয়েদেকমাত্মানং তমনন্তমনন্যধীঃ॥ ৩৭।

[অধুনা তদ্বিষয়ক উপযোগ কহিতেছেন]। নির্জ্জন

স্থানে উপবেশনপূর্ব্বক বিরাগ অর্থাৎ বিষয় ভোগাদিতে রাগশূন্য ও জিতেন্দ্রিয় হইয়া অন্য বুদ্ধি পরিত্যাগ পুরঃসর সেই অন্তররহিত এক আত্মাকে ভাবনা করিবে। [বিষয় ভোগাদিতে অভিলাষ সত্ত্বে জিতেন্দ্রিয় বা তত্ত্বজ্ঞানাধিকারী হইতে পারে না যেহেতু তদভিলাষবশতঃ চিত্তবৃত্তির ইতস্ততঃ বিক্ষেপ হইয়া থাকে এনিমিত্ত কদাপি অনন্যবুদ্ধি হয় না অতএব আপনাকে সম্যক বিষয়ভোগে বিরক্ত জানিয়া আত্মতত্ত্ব অনুসন্ধান করা আবশ্যক, নতুবা উভয় পথহইতে ভ্রষ্ট হইতে হয়। এতজ্জন্যই নচিকেতার প্রতি তত্ত্বজ্ঞান কথনের পূর্ব্বে ধর্ম্মরাজ তাঁহার অধিকারিত্ব পরীক্ষার নিমিত্ত নানা বিষয়ভোগের প্রলোভ দর্শাইলে তিনি তদভিলাষশূন্যতাহেতু যখন তাহাতে অস্বীকৃত হইলেন, তখন যম তাঁহাকে প্রাপ্তাধিকার জানিয়া তত্ত্বোপদেশ করেন, ইহা কঠোপনিষদের প্রথমেই অধিকারি নির্দ্দিষ্ট করণনিমিত্ত আখ্যায়িকারূপে উক্ত হইয়াছে]। ৩৭।

আত্মন্যেবাখিলং দৃশ্যং প্রবিলাপ্য ধিয়া সুধীঃ।
ভাবয়েদেকমাত্মানং নির্ম্মলাকাশবৎ সদা॥ ৩৮।

সুধী ব্যক্তি স্বকীয় বুদ্ধির দ্বারা দৃশ্যমান অর্থাৎ জ্ঞায়মান সমস্ত বস্তুকে লয় করিয়া নির্ম্মল আকাশের ন্যায় একমাত্র আত্মাকে সর্ব্বদা ভাবনা করিবে। [উক্তরূপ লয় করণের প্রকার মানবশাস্ত্রে উক্ত আছে।] যথা "খং সন্নিবেশয়েৎ খেষু চেষ্টনস্পর্শনেহনিলং। পংক্তিদৃষ্ট্যোঃ পরং তেজঃ স্নেহেহপোগাং চ মূর্ত্তিষু॥ মনসীন্দুং দিশঃ শ্রোত্রে ক্রান্তে বিষ্ণুং বলে হরং বাচ্যগ্নিং মিত্রমুৎসর্গে প্রজনে চ প্রজাপতিং"॥ অর্থাৎ বাহ্যস্থিত মহাকাশকে শরীরাকাশে লয় করিবে এবং বাহ্য বায়ুকে দৈহিক

বায়ুতে লয় করিবে এই প্রকার সূর্য্য ও অগ্নির তেজকে চক্ষুতে ও জঠরাগ্নিতে এবং জলকে দৈহিক জলে ও পৃথিবীকে শারীরিক পার্থিবাংশে ও চন্দ্রকে মনেতে দিক-সকলকে শ্রোত্রেতে ও বিষ্ণুকে গতিশক্তিতে হরকে বলেতে অগ্নিকে বাগিন্দ্রিয়েতে মিত্রকে পায়িন্দ্রিয়েতে প্রজাপতিকে উপস্থে লয় করিবে। ৩৮।

রূপবর্ণাদিকং সর্ব্বং বিহায় পরমার্থবিৎ।
পরিপূর্ণচিদানন্দস্বরূপেণাবতিষ্ঠতি ।। ৩৯।

[অধুনা নির্ব্বিকল্প সমাধি কহিতেছেন]। পরমার্থজ্ঞ ব্যক্তি রূপবর্ণাদি সমুদায় পরিত্যাগপূর্ব্বক পরিপূর্ণ জ্ঞানানন্দস্বরূপে অবস্থান করিবে। ৩৯।

জ্ঞাতৃজ্ঞানজ্ঞেয়ভেদঃ পরাত্মনি ন বিদ্যতে।
চিদানন্দস্বরূপত্বাদ্দীপ্যতে স্বয়মেব হি ।। ৪০।

পরমাত্মাতে জ্ঞাতা ও জ্ঞান এবং জ্ঞেয় এতদ্রূপ প্রভেদ নাই কিন্তু তিনি জ্ঞানানন্দস্বরূপহেতু আপনি প্রকাশমান হয়েন। ৪০।

এবমাত্মারণৌ ধ্যানমথনে সততং কৃতে।
উদিতাবগতির্জ্জ্বালা সর্ব্বাজ্ঞানেন্ধনং দহেৎ ।। ৪১।

[উপসংহরণ করিতেছেন]। এই প্রকার আত্মরূপ অরণিতে সতত ধ্যানরূপ মথনকৃত হইলে জ্ঞানরূপ জ্বালা উদিতা হইয়া সমস্ত অজ্ঞানরূপ কাষ্ঠকে দগ্ধ করে। ৪১।

অরুণেনৈব বোধেন পূর্ব্বন্তং তিমিরে হৃতে।
তত আবির্ভবেদাত্মা স্বয়মেবাংশুমানিব ।। ৪২।

সূর্য্য যেপ্রকার উদয়ের পূর্ব্বে স্বকীয় রশ্মির অরুণ-ভাদ্বারা তমোনষ্ট করিয়া পশ্চাৎ উদয় হয়েন সেই

প্রকার জ্ঞানচ্ছটাদ্বারা অজ্ঞান তিমির বিনাশনপূর্ব্বক তদনন্তর স্বয়ং আত্মা আবির্ভূত হয়েন। ৪২

আত্মা তু সততং প্রাপ্তোপ্য প্রাপ্তবদবিদ্যয়া।
তন্নাশে প্রাপ্তবদ্ভাতি স্বকণ্ঠাভরণং যথা ॥ ৪৩।

[প্রাপ্ত আত্মার পুনঃ প্রাপ্তি কি প্রকারে সঙ্গতা হয় তাহা কহিতেছেন]। আত্মতত্ত্ব সদাপ্রাপ্ত হইয়াও অবিদ্যাহেতু অপ্রাপ্তের ন্যায় হয়েন, অবিদ্যার নাশ হইলে তিনি পুনঃ প্রাপ্তবৎ ভাসমান হইয়া থাকেন। তাহাতে দৃষ্টান্ত, যে প্রকার কোন ব্যক্তির স্বকীয় কণ্ঠস্থিত আভরণ বিস্মৃতি হইলে তাহা তৎসম্বন্ধে অপ্রাপ্তবৎ বোধ হয় পশ্চাৎ ভ্রমান্তে স্মরণ করিয়া প্রাপ্ত বস্তুয় পুনঃ প্রাপ্তি বিবেচনা করে সেইরূপ। ৪৩।

স্থাণৌ পুরুষবদ্ভ্রান্ত্যা কৃতা ব্রহ্মণি জীবতা।
জীবস্য তাত্ত্বিকে রূপে তস্মিন দৃষ্টে নিবর্ত্ততে॥ ৪৪।

যেপ্রকার সামান্য ব্যক্তি ভ্রান্তিদ্বারা স্থাণতে পুরুষ বুদ্ধি করে সেইপ্রকার অবিদ্যাদ্বারা ব্রহ্মেতে জীবত্বকৃত হয়, কিন্তু জীবের যাথার্থিকস্বরূপ সেই ব্রহ্মতত্ত্ব সাক্ষাৎকৃত হইলে উক্ত জীবত্বভ্রান্তি নিবৃত্তা হইয়া থাকে। ৪৪।

তত্ত্বস্বরূপানুভবাদুৎপন্নং জ্ঞানমঞ্জসা।
অহং মমেতি চাজ্ঞানং বাধতে দিগভ্রমাদিবৎ ॥ ৪৫।

তত্ত্বস্বরূপ অনুভবজন্য যে জ্ঞান তাহা অচিরাৎ "আমি ও আমার" এইরূপ অজ্ঞানকে বিনাশ করে যেপ্রকার দিক্তত্ত্বাদি জ্ঞানহইবামাত্র দিগ্ভ্রমাদি বিনষ্ট হয় সেইরূপ। ৪৫।

সম্যক্ বিজ্ঞানবান্ যোগী স্বাত্মন্যেবাখিলং জগৎ।
একঞ্চ সর্ব্বমাত্মানমীক্ষতে জ্ঞানচক্ষুষা। ৪৬।

[অধুনা সবিকল্প সমাধি কহিতেছেন]। সম্যক্ অনুভববিশিষ্ট যে য়োগী তিনি স্বকীয় আত্মাতে অখিল সংসারকে এবং সমস্ত সংসারে এক আত্মাকে জ্ঞানচক্ষুর্দ্বারা দর্শন করেন। ৪৬।

আত্মৈবেদং জগৎ সর্ব্বং আত্মনোঽন্যন্ন কিঞ্চন।
মৃদোযদ্বৎ ঘটাদীনি স্বাত্মানং সর্ব্বমীক্ষতে ॥ ৪৭।

আত্মাই এতৎ সমস্ত জগৎ আত্মাহইতে ভিন্ন অপর কিছুই নাই, যেরূপ মৃত্তিকাই ঘটাদিসমূহ বস্তু সেইরূপ স্বকীয় আত্মাই সমস্ত বস্তুস্বরূপ হইয়াছেন এইরূপ সর্ব্বদৃষ্টি করেন। ৪৭।

জীবন্মুক্তস্তু তদ্বিদ্বান্ পূর্ব্বোপাধিগুণাংস্ত্যজেৎ।
সচ্চিদানন্দরূপত্বং ভজেৎভ্রমরকীটবৎ ॥ ৪৮।

[অধুনা জীবন্মুক্তলক্ষণ কহিতেছেন]। জীবন্মুক্ত তত্ত্বজ্ঞব্যক্তি পূর্ব্ব দেহেন্দ্রিয়াদি উপাধির গুণসমূহ ত্যাগ করেন এবং তৈলপায়ী যেপ্রকার প্রগাঢ় চিন্তাদ্বারা ভ্রমরকীটত্ব প্রাপ্ত হয় সেই প্রকার তিনি সর্ব্বদা অনুশীলন বশতঃ সচ্চিদানন্দস্বরূপতা প্রাপ্ত হয়েন। ৪৮।

তীর্ত্ত্বা মোহার্ণবং হত্বা রাগদ্বেষাদিরাক্ষসান্।
যোগী সর্ব্বসমাযুক্তআত্মারামোবিরাজতে ॥ ৪৯।

ভগবান শ্রীরাম যেপ্রকার সমুদ্র উল্লঙ্ঘনপূর্ব্বক রাক্ষসসমূহকে বিনাশ করত সুহৃদ অমাত্য সমাযুক্ত হইয় বিরাজমান ছিলেন সেইপ্রকার যোগিব্যক্তি মোহসমুদ্র উত্তীর্ণ হইয়া রাগদ্বেষাদি রাক্ষসনিবহকে সংহরণ পুরঃসর জ্ঞান বৈরাগ্যাদি সমাযুক্ত আত্মারাম হইয়া বিরাজিত হয়েন। ৪৯।

বাহ্যানিত্যসুখাসক্তিং হিত্বাত্মসুখনির্বৃতঃ।
ঘটস্থদীপবৎ শশ্বদন্তরেব প্রকাশতে ॥ ৫০।

বাহ্য অনিত্য-সুখ-বিষয়ে আসক্তি ত্যাগপূর্ব্বক আত্ম-সুখে নিবৃত হইয়া ঘটস্থ দীপপ্রভার ন্যায় অন্তরেই প্রকাশমান থাকেন। ৫০।

উপাধিস্থোপি তদ্ধর্ম্মৈর্নির্লিপ্তোব্যোমবন্মুনিঃ।
সর্ব্ববিন্মূঢ়বত্তিষ্ঠেদসক্তোবায়ুবচ্চরেৎ ॥ ৫১।

মননশীল ব্যক্তি উপাধিস্থিত হইয়াও উপাধি ধর্ম্মদ্বারা লিপ্ত হইবে না এবং সর্ব্বজ্ঞ হইয়াও মূঢ়বৎ থাকিবে ও বায়ুবৎ অসঙ্গরূপে বিচরণ করিবে। ৫১।

উপাধিবিলয়াদ্বিষ্ণৌ নির্ব্বিশেষং বিশেন্মুনিঃ।
জলে জলং বিয়দ্ব্যোম্নি তেজস্তেজসি বা যথা ॥ ৫২।

যে প্রকার জলে জল আকাশে আকাশ তেজে তেজ প্রবিষ্ট হয় সেই প্রকার মননশীল ব্যক্তি পরমেশ্বরে উপাধি বিলয় হইলে নির্ব্বিশেষ ব্রহ্মে প্রবেশ করেন। ৫২।

যল্লাভান্নাপরোলাভো যৎসুখান্নাপরং সুখং।
যজ্জ্ঞানান্নাপরং জ্ঞানং তদ্ব্রহ্মেত্যবধারয়েৎ ॥ ৫৩।

[যদি বল ব্রহ্মেতে তাদৃশ লয় হইতে লোকের প্রবৃত্তি হইবে কেন, কারণ যাহাতে কোন লাভ বা কোন সুখ থাকে তাহাতেই লোক সকল প্রবৃত্ত হয়, এবিষয়ে কহিতেছেন]। যে লাভহইতে অপর কোন লাভ নাই ও যে সুখহইতে অপর কোন সুখই নাই এবং যে জ্ঞান হইতে অপর কোন জ্ঞানই নাই তাহাকেই ব্রহ্ম বলিয়া অবধারণ করিবে অর্থাৎ ব্রহ্ম লাভহইতে অপর কোন লাভাদিই গরিষ্ঠ নহে, এতাবতা তাহাতে অবশ্যই লোকের প্রবৃত্তি হইবে। [বস্তুতঃ সাংসারিক লাভাদিজন্য মনু-

ষ্যের যে কোন প্রকার সুখ হইয়া থাকে তাহা সমস্তই আত্মস্বরূপের প্রতিচ্ছবি, কারণ আত্মাভিন্ন অপর কোন বস্তুই সুখ পদার্থ নহে যে তাহা বিষয়োপভোগকালে চন্দনাদিবৎ শরীরে আগত হইয়া লিপ্ত হয়।] কিন্তু এই আত্মাই পরম সুখস্বরূপ, ইনি অবিদ্যা সম্বন্ধ বশতঃ জীবোপাধি প্রাপ্ত হইলে ইহার উপাধিভূত অন্তঃকরণ আবহমান কালাবধি নানা কামনাকলুষদ্বারা আবৃত থাকে সুতরাং তাহার সমস্ত কামনা পূরণের অভাবে সর্ব্বদাই তাহাকে দুঃখান্বিত প্রায় বোধ হইয়া থাকে। কিন্তু কোন২ সময়ে তাঁহার উক্ত কামনাসমূহের কোন অংশ পূরণ হইলে সন্তোষানুরূপ কিঞ্চিৎ সুখানুভব হয়। ইহাতে দৃষ্টান্ত, যেপ্রকার মহা প্রভাবিশিষ্ট আদিত্যমণ্ডল নিবিড় মেঘাবলিদ্বারা আবৃত হইলে তাহার আলোকময় জ্যোতিঃসমূহ সম্যক্‌রূপে প্রাণিনিচয়ের দৃষ্টিগোচর হয় না পরে মন্দ২ বায়ুর দ্বারা যৎপরিমাণে সেই মেঘবৃন্দ চালিত হয় তৎ পরিমাণেই তাহার নির্ম্মল জ্যোতিঃ প্রকাশ হইয়া থাকে সেইপ্রকার বিবিধ বাসনাবাসিত অন্তঃকরণদ্বারা আবৃত আত্মতত্ত্ব স্বয়ং সুখস্বরূপ হইয়াও প্রাণিসমূহকে সম্যক্ সুখী করিতে পারেন না, কিন্তু যখন তাহাদিগের অন্তঃকরণস্থা কোন২ বাসনা পূর্ণা হইয়া যে পরিমিত সন্তোষ জন্মে সেই পরিমাণেই কামনামালিন্যের কিঞ্চিৎ স্বচ্ছতা উদয় হইলে তাহাতে পরম সুখরূপ আত্মার প্রতিচ্ছবি প্রকাশ পায়, এইহেতু তৎকালে আমি সুখী বলিয়া জীবসকল অভিমান করে। যদ্যপি সুখস্বরূপ আত্মপদার্থ অন্তঃকরণের সন্তোষ বৃত্তিতে এতদ্রূপে প্রকাশ হইয়া থাকেন তবে সমস্ত কামনাত্যাগরূপ মহাসন্তোষে যে মহাসুখের উদয় হয় ইহাতে সংশয় কি। ৫৩।

যদ্দৃষ্ট্বা নাপরং দৃশ্যং যদ্ভূত্বা ন পুনর্ভবঃ।
যজ্জ্ঞাত্বা নাপরং জ্ঞেয়ং তদ্ব্রহ্মেত্যবধারয়েৎ ॥ ৫৪।

অপিচ যাহাকে দর্শন করিলে অপর কিছু দ্রষ্টব্য থাকে না ও যাহা হইলে পুনর্ব্বার হইতে হয় না এবং যাহাকে জানিলে অপর কোন জ্ঞানের আবশ্যক নাই তাঁহাকেই ব্রহ্ম বলিয়া অবধারণ করিবে। ৫৪।

তির্য্যগূর্দ্ধমধঃ পূর্ণং সচ্চিদানন্দমদ্বয়ং।
অনন্তং নিত্যমেকং যৎ তদ্ব্রহ্মেত্যবধারয়েৎ ॥ ৫৫।

এবং যিনি তির্য্যক ও ঊর্দ্ধ অধঃ সর্ব্বত্র সত্তা ও জ্ঞান এবং আনন্দদ্বারা পূর্ণ অথচ অদ্বিতীয় (অর্থাৎ তদ্ভিন্ন অপর পদার্থ নাই) ও অনন্ত এবং নিত্য ও এক (অর্থাৎ সজাতীয় দ্বিতীয় বস্তু বর্জ্জিত) তাঁহাকে ব্রহ্ম বলিয়া অবধারণ করিবে। ৫৫।

অতদ্ব্যাবৃত্তিরূপেণ বেদান্তৈর্লক্ষ্যতেঽদ্বয়ং।
অখণ্ডানন্দমেকং যৎ তদ্ব্রহ্মেত্যবধারয়েৎ ॥ ৫৬।

কিঞ্চ যিনি বেদান্তবাক্যদ্বারা অতদ্ব্যাবৃত্তি অর্থাৎ এতন্নহ এইরূপে সমগ্র প্রপঞ্চ পদার্থ নিষেধ করিয়া স্বয়ং যাহা নিষিদ্ধ না হয় তদ্রূপে লক্ষিত হয়েন এবং যাহাহইতে ভিন্ন দ্বিতীয় বস্তু নাই ও যিনি নিরবচ্ছিন্ন আনন্দস্বরূপ এবং এক অর্থাৎ সজাতীয় ভেদশূন্য তাঁহাকেই ব্রহ্ম বলিয়া অবধারণ করিবে। ৫৬।

অখণ্ডানন্দরূপস্য তস্যানন্দলবাশ্রিতাঃ।
ব্রহ্মাদ্যাস্তারতম্যেন ভবন্ত্যানন্দিনোভবাঃ ॥ ৫৭।

সেই অখণ্ডানন্দরূপ পরব্রহ্মের আনন্দলেশকে আশ্রয় করিয়া ব্রহ্মাদি দেহিগণ স্ব স্ব উপাধি তারতম্যহেতু তরতমরূপে আনন্দিত হয়েন। ৫৭।

ভেদযুক্তিমখিলং বস্তু ব্যবহারস্তদন্বিতঃ।
তস্মাৎ সর্ব্বগতং ব্রহ্ম ক্ষীরে সর্পিরিবাখিলে ॥ ৫৮।

যেহেতু সেই ব্রহ্মের সহিত অখিল বস্তুগণ যুক্ত আছে এবং যাবতীয় ব্যবহার তদ্দ্বারাই অন্বিত হইয়াছে সেই-হেতু যেপ্রকার দুগ্ধের সর্ব্বাংশে ঘৃত ব্যাপ্ত হয় সেইপ্রকার ব্রহ্মপদার্থ সর্ব্বগত হইয়াছেন। ৫৮।

অনণ্বস্থূলমহ্রস্বমদীর্ঘ মজমব্যয়ং।
অরূপগুণ বর্ণাখ্যং তদ্ব্রহ্মেত্যবধারয়েৎ ॥ ৫৯।

যে বস্তু সূক্ষ্ম ও স্থূল এবং হ্রস্ব ও জন্য ও বিনাশি নহে এবং রূপগুণ বর্ণ অভিধানবিশিষ্টও নহে তাঁহাকেই ব্রহ্ম বলিয়া অবধারণ করিবে। ৫৯।

যদ্ভাসা ভাস্যতেঽর্কাদির্ভাসৈর্যস্তু ন ভাস্যতে।
যেন সর্ব্বমিদং ভাতি তদ্ব্রহ্মেত্যবধারয়েৎ ॥ ৬০।

যাঁহার প্রভাহেতু সূর্য্যাদি জ্যোতির্গণ প্রকাশ প্রাপ্ত হয় এবং যিনি স্বীয় প্রকাশ্য সূর্য্যাদিদ্বারা প্রকাশিত নহেন ও যাঁহার প্রকাশহেতু সমস্ত বস্তু প্রকাশ পায় তাঁ-হাকেই ব্রহ্ম বলিয়া অবধারণ করিবে। ৬০।

স্বয়মন্তর্ব্বহির্ব্যাপ্য ভাসয়ন্নিখিলং জগৎ।
ব্রহ্ম প্রকাশতে বহ্নিপ্রতপ্তায়সপিণ্ডবৎ ॥ ৬১।

ব্রহ্মবস্তু সমস্ত পদার্থের অন্তর্বাহ্যে ব্যাপ্ত থাকিয়া অখিল সংসারকে প্রকাশনপূর্ব্বক স্বয়ং প্রকাশিত রহিয়াছেন। যেপ্রকার অগ্নিপ্রতপ্ত লৌহপিণ্ডের অন্তর্ব্বাহ্য ব্যাপ্তিক্রমে তাহাকে প্রকাশ করত আপনিও প্রকাশিত হয় সেই-রূপ। ৬১।

জগদ্বিলক্ষণং ব্রহ্ম ব্রহ্মণোঽন্যন্ন কিঞ্চন।
ব্রহ্মান্যদ্ভাসতে মিথ্যা যথা মরুমরীচিকা ॥ ৬২।

জগৎহইতে বিপরীত লক্ষণাক্রান্ত ব্রহ্মপদার্থ, তদ্ভিন্ন অপর কিছুমাত্র বস্তু নাই, তবে সেই ব্রহ্মহইতে ভিন্ন যে কিছু প্রকাশ পায় তাহা জলশূন্য স্থানে মরীচিকায় জল ভ্রান্তির ন্যায় মিথ্যা। ৬২।

দৃশ্যতে শ্রূয়তে যদ্ব্রহ্মণোঽন্যন্ন বিদ্যতে।
তত্ত্বজ্ঞানাচ্চ তদ্ব্রহ্ম সচ্চিদানন্দমদ্বয়ং ॥ ৬৩।

যে কোন বিষয় দর্শন করিতেছি বা শ্রবণ করিতেছি তাহা ব্রহ্ম ভিন্ন নহে। কেননা তত্ত্বজ্ঞানহেতু সেই ব্রহ্ম সচ্চিদানন্দ অদ্বয়রূপে প্রকাশ প্রাপ্ত হয়েন। ৬৩।

সর্ব্বগং সচ্চিদাত্মানং জ্ঞানচক্ষুর্নিরীক্ষ্যতে।
অজ্ঞানচক্ষুর্নেক্ষেত ভাস্বতং ভানুমন্ধবৎ ॥ ৬৪।

জ্ঞানচক্ষুঃ ব্যক্তি সত্তা ও জ্ঞানস্বরূপ আত্মাকে সর্ব্বগতরূপে দর্শন করেন অজ্ঞানচক্ষুঃ তাহা দর্শন করে না, যেপ্রকার অন্ধব্যক্তি ভাস্বৎ কিরণকে দেখিতে পায় না সেই রূপ। ৬৪।

শ্রবণাদিভিরুদ্দীপ্তোজ্ঞানাগ্নিপরিতাপিতঃ।
জীবঃ সর্ব্বমলান্মুক্তঃ স্বর্ণবৎ দ্যোততে স্বয়ং ॥ ৬৫।

শ্রবণাদিদ্বারা উদ্দীপ্ত জ্ঞানরূপ অগ্নিকর্ত্তৃক পরিতাপিত হওত জীবপদার্থ সমস্ত মলহইতে মুক্ত হইয়া স্বয়ং দ্যোতমান হয় যেপ্রকার বহ্নিতপ্ত সুবর্ণ অখিল মালিন্যহইতে মুক্ত হইয়া উজ্জ্বল কান্তিধারণ করে সেইরূপ। ৬৫।

হৃদাকাশোদিতোহ্যাত্মবোধভানুস্তমোঽপহৃৎ।
সর্ব্বব্যাপী সর্ব্বধারী ভাতি সর্ব্বং প্রকাশতে ॥ ৬৬।

অজ্ঞানরূপ তমোঽপহারি আত্মবোধরূপ সূর্য্য হৃদয়াকাশে উদিত হইয়া সর্ব্বব্যাপী ও সর্ব্বধারীরূপে প্রকাশ পায়েন ও সর্ব্ব বস্তুকে প্রকাশ করেন। ৬৬।

দিগেদশকালাদ্যনপেক্ষসর্ব্বগং শীতাদিহৃন্নিত্য সুখং নিরঞ্জনং।
যঃ স্বাত্মতীর্থং ভজতে বিনিক্রিয়ঃ সসর্ব্ববিৎ সর্ব্বগতোঽমৃতো-
ভবেৎ ॥ ৬৭।

যে ব্যক্তি দিক্ দেশ ও কালাদি অপেক্ষা রহিত ও সর্ব্বগত এবং শীতাদি দুঃখ অপহারক অথচ নিত্য সুখ-স্বরূপ মায়াতীত স্বকীয় আত্মরূপ তীর্থকে বিশেষ নিক্রিয় হইয়া ভজন করে, সেই ব্যক্তি সর্ব্বজ্ঞ ও সর্ব্বগত হইয়া অমৃত হয়। ৬৭।

ইতি শ্রীপরমহংসপরিব্রাজকাচার্য্য শ্রীমৎ।
শঙ্করাচার্য্যবিরচিতমাত্মবোধ প্রকরণং সংপূর্ণং ॥ ৬৮।

পরমহংস ও পরিব্রাজক সকলের আচার্য্য শ্রীমৎ শঙ্করাচার্য্যকর্ত্তৃক বিরচিত এতদন্ত আত্মবোধ প্রকরণ সংপূর্ণ হইল। ৬৮।

শাকেমন্মথশায়কাদ্রিজলধিজ্যোৎস্নাধিনাথে মিতে
শ্রীনারায়ণচট্টরাজকৃতিনা নেত্রেন্দুমে ফাল্গুনে।
নত্বা শ্রীগুরুপাদপদ্মযুগলং স্বাত্মাববোধোময়া
প্রোক্তঃ প্রীতিমভীপ্সতা স্বসুহৃদাং যত্নাদসৌ ভাষয়া ॥ ৬৯।

শকাব্দাঃ ১৭৭৫ পরিমিত ফাল্গুণের ত্রয়োদশ দিবসে শ্রীগুরুচরণারবিন্দে নমস্কারপূর্ব্বক শ্রীশ্রীনারায়ণ চট্টরাজ-নামক মৎকর্ত্তৃক নিজ সুহৃদগণের প্রীতির নিমিত্ত দেশ-ভাষায় আত্মবোধ গ্রন্থ প্রকর্ষিত উক্ত হইল। ৬৯।

সমাপ্তঃ।

শ্রীরামপুরের "তমোহর" যন্ত্রালয়ে
শ্রীযুত জে এচ্ পিটর্স্ সাহেবকর্তৃক মুদ্রিত হইল।

ওঁ তৎসৎ।

জ্ঞানসঙ্কলিনী

তন্ত্র।

পরাৎপরারাধনীয় পরংব্রহ্মের তত্ত্বনির্ণয়ং

বক্তা শ্রীমদ্ভগবন্মহাদেব শ্রোতা ঈশ্বরী ভগবতী।

সুবিজ্ঞ তত্ত্বদর্শী সাহায্যে

শ্রীকানাইলাল শীল কৃতানুবাদিতঃ।

কলিকাতা।

শীল এণ্ড ব্রাদশ যন্ত্রে যন্ত্রিত।

সন ১২৬৯ সাল।

ওঁ তৎসৎ।

জ্ঞানসঙ্কলিনী তন্ত্র।

কৈলাসশিখরাসীনং দেবদেবং জগদ্গুরুং।
পৃচ্ছতি স্ম মহাদেবী ব্রূহিজ্ঞানং মহেশ্বর ॥ ১ ॥
ভগবতী কৈলাসশিখরে উপবিষ্ট দেবের দেব এবং জগতের গুরু মহাদেবকে জিজ্ঞাসা করিতেছেন যে হে মহেশ্বর! জ্ঞান কি তাহা আমাকে কহুন? ॥ ১ ॥

দেব্যুবাচ।

ভগবতী কহিয়াছিলেন।

কুতঃ সৃষ্টির্ভবেদ্দেব কথং সৃষ্টি র্বিনশ্যতি।
ব্রহ্মজ্ঞানং কথং দেব সৃষ্টি সংহার বর্জ্জিতং ॥ ২ ॥
হে দেব! কিরূপে সৃষ্টি হয় এবং কি রূপে তাহা বিনাশ পায় এবং সৃষ্টি সংহার বর্জ্জিত যে ব্রহ্ম তাহাইবা কি রূপে কহুন? ॥ ২॥

ঈশ্বরোবাচ।

মহাদেব কহিয়াছিলেন।

অব্যক্তাচ্চ ভবেৎ সৃষ্টিরব্যক্তঞ্চ বিনশ্যতি।
অব্যক্তং ব্রহ্মণোজ্ঞানং সৃষ্টি সংহার বর্জ্জিতং ॥ ৩ ॥
যাহা অব্যক্ত (ব্যক্ত নহে) তাহা হইতে সৃষ্টি হয় এবং তাহা হইতেই নষ্ট হয় এবং সৃষ্টি সংহার বর্জ্জিত যে ব্রহ্মজ্ঞান তাহাও অব্যক্ত ॥ ৩ ॥

ওঁকারাদক্ষরাৎ সর্ব্বাস্তেতা বিদ্যাশ্চতুর্দ্দশঃ।
মন্ত্র পূজা তপোধ্যানং কর্ম্মাকর্ম্ম তথৈবচ ॥ ৪ ॥

প্রণব (ওঁকার অ উ ম ইতি) হইতে চতুর্দ্দশ বিদ্যা হয়, এবং মন্ত্র ও পূজা ও তপস্যা ও ধ্যান ও কর্ম্ম ও অকর্ম্ম সমস্তই তাহা হইতে হয় ॥ ৪ ॥

ষড়ঙ্গং বেদ চত্বারি মীমাংসা ন্যায় বিস্তরঃ।
ধর্ম্ম শাস্ত্র পুরাণাদি এতা বিদ্যাশ্চতুর্দ্দশঃ ॥ ৫ ॥

অপিচ চতুর্ব্বেদের ষড়ঙ্গ এবং মীমাংসা ও ন্যায় ও ধর্ম্মশাস্ত্র ও পুরাণাদি সেই চতুর্দ্দশ বিদ্যা বলিয়া উক্ত হইয়াছে ॥ ৫ ॥

তাবদ্বিজ্ঞা ভবেৎ সর্ব্বা যাবদ্‌জ্ঞানং ন জায়তে।
ব্রহ্মজ্ঞানং পদংজ্ঞাত্বা সর্ব্ববিদ্যা স্থিরা ভবেৎ ॥ ৬ ॥

কিন্তু যাবৎকালপর্য্যন্ত ব্রহ্মজ্ঞান না জন্মে তাবৎকাল-পর্য্যন্ত এই সমস্ত বিদ্যাতে বিজ্ঞা (জ্ঞান জন্মিবার অধি-কার) হয় না। ব্রহ্মজ্ঞানের পদলাভ হইলে সকল বিদ্যা স্থিরা হয়েন ॥ ৬ ॥

বেদশাস্ত্র পুরাণানি সামান্য গণিকা ইব।
যা পুনঃ শাম্ভবী বিদ্যা গুপ্তা কুলবধূরিব ॥ ৭ ॥

বেদশাস্ত্র ও পুরাণ সকল সামান্য গণিকার ন্যায় (কিন্তু) যাহা শাম্ভবী বিদ্যা তাহা কুলবধূর ন্যায় গোপ-নীয়া ॥ ৭ ॥

দেহস্থাঃ সর্ব্ব বিদ্যাশ্চ দেহস্থাঃ সর্ব্বদেবতাঃ।
দেহস্থাঃ সর্ব্বতীর্থানি গুরু বাক্যেন লভ্যতে ॥ ৮ ॥

কিন্তু সকল বিদ্যা এবং সকল দেবতা এবং সকল তী-র্থই দেহস্থা (দেহেতে স্থিতি করেন) এবং সেই সকল কেবল গুরুর বাক্যের দ্বারা লাভ হয় ॥ ৮ ॥

অধ্যাত্মবিদ্যা হি নৃণাং সৌখ্য মোক্ষ্যকরী ভবেৎ।
ধর্ম্ম কর্ম্ম তথা জপ্যমেতৎ সর্ব্বং নিবর্ত্ততে ॥ ৯ ॥

এবঞ্চ মনুষ্য সকলের যে অধ্যাত্ম (আত্মবিষয়ক) বিদ্যা তাহা সৌখ্য ও মোক্ষকরী এবং তাহা হইতে ধর্ম্ম কর্ম্ম জপাদি সকল নিবর্ত্ত হয় ॥ ৯ ॥

কাষ্ঠ মধ্যে যথা বহ্নিঃ পুষ্পে গন্ধঃ পয়োমৃতং।
দেহ মধ্যে তথা দেবঃ পুণ্য পাপ বিবর্জ্জিতঃ ॥ ১০ ॥
যে রূপ কাষ্ঠের মধ্যে বহ্নি এবং পুষ্পের মধ্যে গন্ধ এবং জলের মধ্যে অমৃত থাকে তদ্রূপ দেহের মধ্যে দেবতা আছেন কিন্তু তিনি পুণ্য পাপ বিবর্জ্জিত ॥ ১০ ॥

ইড়া ভগবতী গঙ্গা পিঙ্গলা যমুনা নদী।
ইড়া পিঙ্গলয়ো র্মধ্যে সুষুম্নাচ সরস্বতী ॥ ১১ ॥
হে ভগবতি! ইড়া নাড়ী গঙ্গা এবং পিঙ্গলা যমুনা নদী এবং ইড়া পিঙ্গলার মধ্যে সুষুম্না নাড়ী সরস্বতী ॥ ১১।

ত্রিবেণী সঙ্গমো যত্র তীর্থরাজঃ স উচ্যতে।
তত্র স্নানং প্রকুর্ব্বীত সর্ব্ব পাপৈঃ প্রমুচ্যতে ॥ ১২ ॥
যে স্থানে এই ত্রিবেণীর (ইড়া সুষুম্না পিঙ্গলার) সঙ্গম সেই স্থানের নাম তীর্থরাজ তাহাতে স্নান করিলে সকল পাপ হইতে মুক্ত হয় ॥ ১২ ॥

দেব্যুবাচ।

দেবী কহিয়াছিলেন।

কীদৃশী খেচরী মুদ্রা বিদ্যাচ শাম্ভবী পুনঃ।
কীদৃশ্যধ্যাত্ম বিদ্যা চ তন্মে ব্রূহি মহেশ্বর ॥ ১৩ ॥
হে মহেশ্বর! খেচরী মুদ্রা এবং শাম্ভবী বিদ্যা এবং অধ্যাত্ম বিদ্যা কি রূপ তাহা আমাকে কহুন ॥ ১৩ ॥

ঈশ্বরোবাচ।

মহাদেব কহিয়াছিলেন।

মনঃ স্থিরং যস্য বিনাবলম্বনং,
বায়ুঃ স্থিরো যস্য বিনা নিরোধনং,
দৃষ্টিঃ স্থিরা যস্য বিনাবলোকনং,
সা এব মুদ্রা বিচরন্তি খেচরী ॥ ১৪ ॥
যাহার অবলম্বন ব্যতিরেকে মনঃ স্থির হয় এবং নিরোধ ব্যতিরেকে বায়ু স্থির হয় এবং অবলোকন ব্যতিরেকে দৃষ্টি স্থির হয় সেই মুদ্রা খেচরী ॥ ১৪ ॥

বালস্য মূর্খস্য যথৈব চেতঃ,
স্বপ্নেন হীনোঽপি করোতি নিদ্রাং।
ততো গতঃ পথো নিরাবলম্বঃ,
সাএব বিদ্যা বিচরন্তি শাম্ভবী ॥ ১৫ ॥

যে রূপ বালকের এবং মূর্খের মনঃ শয়ন বিহীন হই-লেও নিদ্রাভিভূত হয় সেইরূপ যাহার অবলম্বন ব্যতি-রেকে পথে গমন হয় সেই বিদ্যাশাম্ভবী ॥ ১৫ ॥

দেব্যুবাচ।

ভগবতী কহিয়াছিলেন।

দেব দেব জগন্নাথ ব্রূহি মে পরমেশ্বর।
দর্শনানি কথং দেব ভবন্তি চ পৃথক্ পৃথক্ ॥ ১৬॥

হে দেবের দেব জগন্নাথ হে পরমেশর! কিরূপে পৃথক্ পৃথক্ দর্শন হয় তাহা আমাকে কহুন? ॥ ১৬॥

ঈশ্বরোবাচ।

মহেশ্বর কহিয়াছিলেন।

ত্রিদণ্ডী চ ভবেদ্ভক্তো বেদাভ্যাস রতঃ সদা।
প্রকৃতি বাদরতা শক্তো বৌদ্ধাঃ শূন্যাতিবাদিনঃ ॥১৭॥

সর্ব্বদা বিদ্যাভ্যাসে রত যে ত্রিদণ্ডী নামক ভক্ত সে প্রকৃতি বাদরত (বাদী) এবং বৌদ্ধ সকল শূন্যবাদী ॥১৭॥

অতোর্দ্ধং গামিনো যে বা তত্ত্বজ্ঞা অপি তাদৃশাঃ।
সর্ব্বং নাস্তীতি চার্ব্বাকা জল্পন্তি বিষয়াশ্রিতাঃ ॥ ১৮ ॥

এবং বিষয়াশক্ত যে চার্ব্বাক্ তাহারা নাস্তীতি বাদী ॥১৮॥

উমা পৃচ্ছতি হে দেব পিণ্ড ব্রহ্মাণ্ড লক্ষণং।
পঞ্চভুতং কথং দেব গুণাঃ কে পঞ্চবিংশতিঃ ॥ ১৯ ॥

উমা জিজ্ঞাসা করিতেছেন হে দেব! পিণ্ড ব্রহ্মাণ্ডের লক্ষণ এবং পঞ্চভূত এবং পঞ্চবিংশতি গুণ কি রূপে হই-য়াছে তাহা কহুন? ॥ ১৯ ॥

ঈশ্বরোবাচ।

মহাদেব কহিয়াছিলেন

অস্থি মাংসং নখশ্চৈব ত্বগ্লোমানি চ পঞ্চমং।
পৃথ্বী পঞ্চগুণাঃ প্রোক্তা ব্রহ্মজ্ঞানেন ভাসতে॥ ২০॥
অস্থি এবং মাংস ও নখ ও ত্বক্ ও লোম সকল এই পঞ্চ পৃথিবীর গুণ॥ ২০॥

শুক্র শোণিত মজ্জা চ মল মূত্রঞ্চ পঞ্চমং।
অপাং পঞ্চগুণাঃ প্রোক্তা ব্রহ্মজ্ঞানেন ভাসতে॥ ২১॥
শুক্র শোণিত মজ্জা মল মূত্র এই পঞ্চ জলের গুণ ইহা উক্ত হইয়াছে॥ ২১॥

নিদ্রা ক্ষুধা তৃষা চৈব ক্লান্তিরালস্য পঞ্চমং।
তেজঃ পঞ্চগুণাঃ প্রোক্তা ব্রহ্মজ্ঞানেন ভাসতে॥ ২২॥
নিদ্রা ক্ষুধা তৃষ্ণা ক্লান্তি এবং আলস্য এই পঞ্চ তেজের গুণ॥ ২২॥

ধারণং চালনং ক্ষেপং সঙ্কোচং প্রসরস্তথা।
বায়োঃ পঞ্চগুণাঃ প্রোক্তা ব্রহ্মজ্ঞানেন ভাসতে॥২৩॥
ধারণ চালন ক্ষেপণ সঙ্কোচ এবং প্রসারণ এই পঞ্চ বায়ুর গুণ ইহা উক্ত হইয়াছে॥ ২৩॥

কামং ক্রোধং তথা মোহং লজ্জা লোভঞ্চ পঞ্চমং।
নভঃ পঞ্চগুণাঃ প্রোক্তা ব্রহ্মজ্ঞানেন ভাসতে॥ ২৪॥
কাম ক্রোধ মোহ ও লজ্জা এবং লোভ এই পঞ্চ আকাশের গুণ ইহা উক্ত হইয়াছে॥ ২৪॥

আকাশাৎ জায়তে বায়ুর্বায়োরুৎপদ্যতে রবিঃ।
রবেরুৎপদ্যতে তোয়ং তোয়াদুৎপদ্যতে মহী॥ ২৫॥
আকাশ হইতে বায়ুর জন্ম হয় এবং বায়ু হইতে রবি (সূর্য্য) রবি হইতে তোয় (জল) এবং তোয় হইতে মহীর উৎপত্তি হইয়াছে॥ ২৫॥

মহী বিলীয়তে তোয়ে তোয়ং বিলীয়তে রবৌ।
রবির্বিলীয়তে বায়ৌ বায়ুর্বিলীয়তে তু খে॥ ২৬॥
অপিচ মহী জলেতে লয় হয়, জল রবিতে লয় হয়, রবি বায়ুতে লয় হয় এবং বায়ু আকাশে লয় হয়॥ ২৬॥

পঞ্চতত্ত্বাৎ ভবেৎ সৃষ্টি স্তত্ত্বাৎ তত্ত্বং বিলীয়তে।
পঞ্চতত্ত্বাৎ পরং তত্ত্বং তত্ত্বাতীতং নিরঞ্জনং ॥২৭॥

এই পঞ্চ তত্ত্ব (সারাংশ) হইতে সৃষ্টি হয় এবং তত্ত্ব হইতে তত্ত্ব লয় হয়। এবঞ্চ এতৎ পঞ্চ তত্ত্বের পরে যে তত্ত্ব তিনি তত্ত্বাতীত এবং নিরঞ্জন॥ ২৭ ॥

স্পর্শনং রসনং চৈব ঘ্রাণং চক্ষুশ্চ শ্রোত্রকং।
পঞ্চেন্দ্রিয় মিদং তত্ত্বং মনঃ সাধন্য মিন্দ্রিয়ং ॥ ২৮ ॥

স্পর্শন (স্পর্শনেন্দ্রিয়) ও রসন ও ঘ্রাণ ও চক্ষু এবং শ্রবণ এই পঞ্চেন্দ্রিয়ের পঞ্চ তত্ত্ব। এই সকল ইন্দ্রিয়ের কারণ মনঃ হয়েন ॥ ২৮ ॥

ব্রহ্মাণ্ড লক্ষণং সর্ব্বং দেহ মধ্যে ব্যবস্থিতং।
সাকারাশ্চ বিনশ্যন্তি নিরাকারো ন নশ্যতি ॥ ২৯ ॥

সমস্ত ব্রহ্মাণ্ড দেহের মধ্যে ব্যবস্থিত হইয়াছে। কিন্তু ইহার মধ্যে সকলের নাশ হয় নিরাকারের নাশ হয় না॥ ২৯ ॥

নিরাকারং মনো যস্য নিরাকার সমোভবেৎ।
তস্মাৎ সর্ব্ব প্রযত্নেন সাকারন্তু পরিত্যজেৎ ॥ ৩০ ॥

যাহার মনঃ নিরাকার সেই ব্যক্তিও নিরাকারের তুল্য হয় তদ্ধেতু যত্নের দ্বারা সাকার ত্যাগ করিবে॥ ৩০ ॥

দেব্যুবাচ।

ভগবতী কহিয়াছিলেন।

আদিনাথ ময়ি ব্রূহি সপ্ত ধাতুঃ কথং ভবেৎ।
আত্মা চৈবান্তরাত্মা চ পরমাত্মা কথং ভবেৎ ॥ ৩১ ॥

হে আদিনাথ! সপ্ত ধাতু কিরূপ এবং আত্মা ও অন্তরাত্মা ও পরমাত্মা কি প্রকার তাহা আমাকে কহুন? ॥৩১॥

ঈশ্বরোবাচ।

মহাদেব কহিয়াছিলেন।

শুক্র শোণিত মজ্জাচ মেদো মাংসঞ্চ পঞ্চমং।
অস্থিত্বক্‌চৈব সপ্তৈতে শরীরেষ ব্যবস্থিতাঃ ॥ ৩২ ॥

শুক্র ১। শোণিত ২। মজ্জা ৩। মেদ ৪। মাংস ৫। অস্থি ৬। ত্বক্ ৭। এই সপ্ত ধাতু শরীরের মধ্যে ব্যবস্থিত হইয়াছে ॥ ৩২ ॥

শরীরঞ্চৈব মাত্মান মন্তরাত্মা মনো ভবেৎ।
পরমাত্মা ভবেৎ শূন্যং মনো যত্র বিলীয়তে ॥ ৩৩ ॥

শরীরকে আত্মা এবং অন্তরাত্মাকে মনঃ বলিয়া জ্ঞান করিবে এবং পরমাত্মা শূন্য যাহাতে মনের লয় হয় ॥৩৩।

রক্তধাতুর্ভবেন্মাতা শুক্রধাতুর্ভবেৎ পিতা।
শূন্যধাতুর্ভবেৎ প্রাণো গর্ভপিণ্ডং প্রজায়তে ॥ ৩৪ ॥

রক্ত ধাতু মাতা এবং শুক্র ধাতু পিতা এবং শূন্য ধাতু প্রাণ হয়েন পরে গর্ভপিণ্ড জন্মে ॥ ৩৪ ॥

দেব্যুবাচ।

ভগবতী কহিয়াছিলেন।

কথমুৎপদ্যতে বাচা কথং বাচা বিলীয়তে।
বাক্যস্য নির্ণয়ং ব্রূহি পশ্যজ্ঞানং মুদাহর ॥ ৩৫ ॥

হে দেব! কি হেতু বাক্য উৎপন্ন হয় এবং কি রূপ বাক্যের দ্বারা লয় হয় এবং বাক্যের নির্ণয় আমাকে কহুন? ॥ ৩৫ ॥

ঈশ্বরোবাচ।

মহাদেব কহিয়াছিলেন।

অব্যক্তাজ্জায়তে প্রাণঃ প্রাণাদুৎপদ্যতে মনঃ।
মনসোৎপদ্যতে বাচা মনো বাচা বিলীয়তে ॥ ৩৬ ॥

অব্যক্ত হইতে প্রাণ জন্মে, প্রাণ হইতে মনঃ উৎপন্ন হয় এবং মনের দ্বারা বাক্য উৎপন্ন হয়, সেই বাক্যের দ্বারা মনঃ লয় হয় ॥ ৩৬ ॥

দেব্যুবাচ।

ভগবতী কহিয়াছিলেন।

কস্মিন্ স্থানে বসেৎ সূর্য্যঃ কস্মিন্ স্থানে বসেৎ শশী।
কস্মিন্ স্থানে বসেৎ বায়ুঃ কস্মিন্ স্থানে বসেন্মনঃ ॥৩৭॥

কোন্ স্থানে সূর্য্য বাস করেন এবং কোন্ স্থানে চন্দ্র বাস করেন এবং কোন্ স্থানে বায়ু বাস করেন এবং কোন্ স্থানে মনঃ বাস করেন ॥ ৩৭ ॥

ঈশ্বরোবাচ ।

মহাদেব কহিয়াছিলেন ।

তালু মূলে স্থিতশ্চন্দ্রো নাভি মূলে দিবাকরঃ ।
সূর্য্যাগ্রে বসতে বায়ুঃ চন্দ্রাগ্রে বসতে মনঃ ॥ ৩৮ ॥

তালু মূলে চন্দ্র এবং নাভি মূলে সূর্য্য স্থিতি করেন এবং সূর্য্যাগ্রে বায়ু এবং চন্দ্রাগ্রে মনঃ বাস করেন ॥ ৩৮ ॥

সূর্য্যাগ্রে বসতে চিত্তং চন্দ্রাগ্রে জীবিতং প্রিয়ে ।
এতদ্‌যুক্তং মহাদেবি গুরু বাক্যেন লভ্যতে ॥ ৩৯ ॥

হে প্রিয়ে! সূর্য্যাগ্রে চিত্ত এবং চন্দ্রাগ্রে প্রাণ বাস করেন। হে মহাদেবি! এই যুক্তি গুরু বাক্যের দ্বারা লাভ হয় ॥ ৩৯ ॥

দেব্যুবাচ ।

দেবী কহিয়াছিলেন ।

কস্মিন্ স্থানে বসেৎ শক্তিঃ কস্মিন্ স্থানে বসেৎ শিবঃ ।
কস্মিন্ স্থানে বসেৎ কালঃ জরা কেন প্রজায়তে ॥ ৪০ ॥

কোন্ স্থানে শক্তি এবং কোন্ স্থানে শিব এবং কোন্ স্থানে কাল বাস করেন তাহা কহুন? ॥ ৪০ ॥

ঈশ্বরোবাচ ।

মহাদেব কহিয়াছিলেন ।

পাতালে বসতে শক্তি ব্র্হ্মাণ্ডে বসতে শিবঃ ।
অন্তরীক্ষে বসেৎ কালঃ জরা তেন প্রজায়তে ॥ ৪১ ॥

পাতালে শক্তি ব্রহ্মাণ্ডে শিব এবং অন্তরীক্ষে কাল বাস করেন। সেই কালের দ্বারা জরা জন্মে ॥ ৪১ ॥

দেব্যুবাচ ।

দেবী কহিয়াছিলেন ।

আহারং কাংক্ষতে কোসৌ ভুঞ্জেতে পিবতে কথং।
জাগ্রৎ স্বপ্ন সুষুপ্তৌ চ কো বাসৌ প্রতিবুদ্ধ্যতি ॥৪২॥
কোন্ ব্যক্তি আহারাকাংক্ষা করে এবং কেবা ভোজন করে, এবং কে জাগ্রৎ স্বপ্ন সুষুপ্তি অবস্থাতে প্রতিবুদ্ধা হয়॥ ৪২ ॥

ঈশ্বরোবাচ।
মহাদেব কহিয়াছিলেন।

আহারং কাঙ্ক্ষতে প্রাণো ভুঞ্জতেপি হুতাশনঃ।
জাগ্রৎ স্বপ্ন সুষুপ্তৌ চ বায়ুশ্চ প্রতিবুদ্ধ্যতি॥ ৪৩ ॥
প্রাণ আহার আকাংক্ষা করেন এবং অগ্নি ভোজন করেন এবং জাগ্রৎ স্বপ্ন সুষুপ্তি অবস্থাকে বায়ু প্রতিবুদ্ধা হয়েন॥ ৪৩ ॥

দেব্যুবাচ।
দেবী কহিয়াছিলেন।

কোবা করোতি কর্ম্মাণি কোবা লিপ্যেত পাতকৈঃ।
কোবা করোতি পাপানি কোবা পাপৈঃ প্রমুচ্যতে ।৪৪॥
কে কর্ম্ম করে এবং কে পাপের দ্বারা লিপ্ত হয় এবং কে পাপ করে এবং কে পাপ হইতে মুক্ত হয়?॥ ৪৪ ॥

শিবোবাচ।
শিব কহিয়াছিলেন।

মনঃ করোতি পাপানি মনোলিপ্যেত পাতকৈঃ।
মনশ্চ তন্মনা ভূত্বা ন পুণ্যৈর্নচ পাতকৈঃ॥ ৪৫ ॥
মনঃ পাপ করে এবং মনঃ পাপের দ্বারা লিপ্ত হয় এবং মনই তন্মনস্ক হইলে পুণ্য এবং পাপের দ্বারা লিপ্ত হয় না॥ ৪৫ ॥

দেব্যুবাচ।
দেবী কহিয়াছিলেন।

জীবঃ কেন প্রকারেণ শিবো ভবতি কস্য চ।
কার্য্যস্য কারণং ব্রুহি কথং কিঞ্চ প্রসাদনং॥ ৪৬ ॥

জীব কি প্রকারে শিব হইতেছে এবং কোন্ কার্য্যের কারণ এবং কিরূপে প্রসন্ন হয়েন তাহা কহুন? ॥ ৪৬॥

শিবোবাচ।

শিব কহিয়াছিলেন।

ভ্রান্তিবদ্ধো ভবেৎ জীবো ভ্রান্তিমুক্ত সদাশিবঃ।
কার্য্যংহি কারণং ত্বঞ্চ পুনর্বোধো বিশিষ্যতে ॥ ৪৭ ॥

ভ্রান্তি দ্বারা জীব বদ্ধ হয় এবং ভ্রান্তি দ্বারা জীব মুক্ত এবং শিব হয়। তুমি কার্য্য এবং কারণ সকল কিন্তু জ্ঞান কেবল বিশেষ হয় ॥ ৪৭ ॥

মনোঽন্যত্র শিবোঽন্যত্র শক্তিরন্যত্র মারুতঃ।
ইদংতীর্থ মিদংতীর্থং ভ্রমন্তি তামসা জনাঃ ॥ ৪৮ ॥

মনঃ অন্য স্থানে এবং শিব অন্য স্থানে এবং শক্তি ও মারুত অন্য স্থানে থাকিলেও এই তীর্থ এই তীর্থ এই রূপে ভ্রমেতে তামস্ (তমোগুণ যুক্ত) জন সকল সর্ব্বত্রেতে ভ্রমণ করেন ॥ ৪৮ ॥

আত্মতীর্থং ন জানাতি কথং মোক্ষ বরাননে ॥ ৪৯ ॥

হে বরাননে! জীব আত্মতীর্থ জ্ঞাত নহে অতএব কি কারণ মোক্ষ পাইবে ॥ ৪৯ ॥

ন বেদং বেদমিত্যাহুর্বেদো ব্রহ্ম সনাতনং।
ব্রহ্ম বিদ্যারতো যস্তু স বিপ্রো বেদপারগঃ ॥ ৫০ ॥

বেদকে বেদ বলি না কিন্তু সনাতন অর্থাৎ নিত্য যে ব্রহ্ম তিনি বেদ এবং যে ব্যক্তি ব্রহ্মজ্ঞানে রত সেই ব্যক্তি বিপ্র এবং বেদপারগ ॥ ৫০ ॥

মন্থিত্বা চতুরো বেদান্ সর্ব্ব শাস্ত্রাণি চৈব হি।
সারন্তু যোগিনঃ পীতাস্তক্রং পিবন্তি পণ্ডিতাঃ ॥ ৫১ ।

চারি বেদ ও সর্ব্ব শাস্ত্র মন্থন করিয়া যোগিরা সারভাগ সকল পান করিয়াছেন কেবল অসার ভাগ যে তক্র (ঘোল) তাহাই ইদানীন্তন পণ্ডিত সকলে পান করিতেছেন ॥ ৫১ ॥

উচ্ছিষ্টং সর্ব্ব শাস্ত্রাণি সর্ব্ব বিদ্যা মুখে মুখে।
নোচ্ছিষ্টং ব্রহ্মণো জ্ঞান মব্যক্তং চেতনাময়ং ॥৫২॥

সকল শাস্ত্র উচ্ছিষ্ট হইয়াছে এবং সকল বিদ্যা মুখে মুখে রহিয়াছে কিন্তু চৈতন্যরূপ ও অব্যক্ত যে ব্রহ্মজ্ঞান তাহা উচ্ছিষ্ট হয় নাই ॥ ৫২ ॥

ন তপস্তপঃ ইত্যাহু ব্র্হ্মচর্য্যং তপোত্তমং।
ঊর্দ্ধরেতা ভবেদ্ যস্তু স দেবো নতু মানুষঃ ॥ ৫৩ ॥

তপস্যাকে তপস্যা বলি না কিন্তু যে ব্রহ্মচর্য্য সেই তপোত্তম, যে জন ঊর্দ্ধরেতা হয় (যাঁহার রেত পতন হয় না) সেই জন দেবতা কিন্তু মনুষ্য নহে ॥ ৫৩ ॥

ন ধ্যানং ধ্যান মিত্যাহু র্ধ্যানং শূন্যগতং মনঃ।
তস্য ধ্যান প্রসাদেন সৌখ্যং মোক্ষং ন সংশয়ঃ ।৫৪।

ধ্যানকে ধ্যান বলি না শূন্যগত যে মনঃ তাহাই ধ্যান, সেই ধ্যানের প্রসাদের দ্বারা সুখ এবং মোক্ষ হয় ইহাতে সংশয় নাই ॥ ৫৪ ॥

ন হোমং হোম মিত্যাহুঃ সমাধৌ তত্তু ভূয়তে।
ব্রহ্মাগ্নৌ হূয়তে প্রাণং হোমকর্ম্ম তদুচ্যতে ॥ ৫৫ ॥

যজ্ঞেতে যে হোম হয় সেই হোমকে হোম বলি না কিন্তু ব্রহ্মরূপ অগ্নিতে যে প্রাণরূপ ঘৃতের হোম হয় তাহাকে হোম কর্ম্ম বলি ॥ ৫৫ ॥

পাপ কর্ম্ম ভবেদ্ভাব্যং পুণ্যঞ্চৈব প্রবর্ত্তত।
তস্মাৎ সর্ব্ব প্রযত্নেন তদ্দ্রব্যঞ্চ ত্যজেদ্বুধঃ ॥ ৫৬ ॥

ভাবি যে পাপ কর্ম্ম তাহা অবশ্য হইবে এবং যে পুণ্য প্রবর্ত্ত হইতেছে সেই হেতু সকল যত্নের দ্বারা পণ্ডিতেরা যে দ্রব্যে পাপ কর্ম্ম উপস্থিত হয় সেই দ্রব্য পরিত্যাগ করিবেন ॥ ৫৬ ॥

যাবদ্বর্ণং কুলং সর্ব্বং তাবৎ জ্ঞানং ন জায়তে।
ব্রহ্মজ্ঞানং পদং জ্ঞাত্বা সর্ব্ব বর্ণ বিবর্জ্জিতঃ ॥ ৫৭ ॥

যাবৎকাল জ্ঞান না জন্মে তাবৎকাল বর্ণ অর্থাৎ

ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য শূদ্র এবং কুল থাকে ব্রহ্মজ্ঞান হইবা মাত্র বর্ণ এবং কুল বর্জ্জিত হয়॥ ৫৭॥

দেব্যুবাচ।

দেবী কহিয়াছিলেন।

যত্ত্বয়া কথিতং জ্ঞানং নাহং জানামি শঙ্কর।
নিশ্চয়ং ব্রূহি দেবেশ মনো যত্র বিলীয়তে॥ ৫৮॥

হে শঙ্কর হে দেবেশ! ত্বৎকর্ত্তৃক যে জ্ঞান কথিত হইয়াছে, তাহা আমি জ্ঞাত হইলাম না যে জ্ঞানে মনঃ লয় হইতেছে সেই জ্ঞান কহুন?॥ ৫৮॥

শঙ্করোবাচ।

মহাদেব কহিয়াছিলেন।

মনো বাক্যং তথা কর্ম্ম তৃতীয়ং যত্র লীয়তে।
বিনাস্বপ্নং যথা নিদ্রা ব্রহ্মজ্ঞানং তদুচ্যতে॥ ৫৯॥

মনঃ বাক্য কর্ম্ম এই তিন যে জ্ঞানে লয় হয় এবং যে রূপ স্বপ্ন ব্যতিরেকে নিদ্রা অর্থাৎ অন্য আশ্রয় ব্যতিরেকে যে জ্ঞান হয় সেই জ্ঞান ব্রহ্মজ্ঞান॥ ৫৯॥

একাকীনিস্পৃহঃ শান্তশ্চিন্তা নিদ্রা বিবর্জ্জিতঃ।
বালভাবস্তথাভাবো ব্রহ্মজ্ঞানং তদুচ্যতে॥ ৬০॥

যে জ্ঞানে একাকী এবং নিস্পৃহ ও শান্ত ও চিন্তা ও নিদ্রাবর্জ্জিত এবং বালকের স্বভাবের ন্যায় স্বভাব হয় সেই জ্ঞান ব্রহ্মজ্ঞান॥ ৬০॥

শ্লোকার্দ্ধেন্তু প্রবক্ষ্যামি যদুক্তং তত্ত্বদর্শিভিঃ।
সর্ব্ব চিন্তা পরিত্যাগো নিশ্চিন্তো যোগউচ্যতে॥৬১॥

তত্ত্বজ্ঞানি কর্ত্তৃক যাহা উক্ত হইয়াছে তাহা আমি কীর্ত্তন করিব সকল চিন্তা পরিত্যাগ করিয়া নিশ্চিন্ত হইলে যোগ হয়॥ ৬১॥

নিমিষং নিমিষার্দ্ধং বা সমাধিমধিগচ্ছতি।
শতজন্মার্জ্জিতং পাপং তৎক্ষণাদ্দেব নশ্যতি॥৬২॥

নিমেষ কিম্বা নিমেষার্দ্ধ কাল প্রাপ্ত হইয়া যে সমাধি

প্রাপ্ত হয় তাহার শত জন্মার্জ্জিত যে পাপ তাহা তৎ-ক্ষণাৎ নষ্ট হয়॥ ৬২॥

দেব্যুবাচ।

দেবী কহিয়াছিলেন।

কস্য নামঃ ভবেৎশক্তিঃ কস্য নামঃ ভবেৎ শিবঃ।
এতন্মে ব্রূহি ভোদেব পশ্চাৎজ্ঞানং প্রকাশয়ঃ॥৬৩॥

হে দেব! শক্তি কাহার নাম এবং শিব কাহার নাম এই সকল আমাকে কহিয়া জ্ঞান প্রকাশ করুন॥ ৬৩॥

ঈশ্বরোবাচ।

মহাদেব কহিয়াছিলেন।

চলচ্চিত্তে বসেৎ শক্তিঃ স্থির চিত্তে বসেৎ শিবঃ।
স্থিরচিত্তোভবেদ্দেবি স দেহস্থোঽপি সিদ্ধ্যতি॥৬৪॥

হে দেবি! চঞ্চল চিত্তে শক্তি বাস করেন এবং স্থির চিত্তে শিব বাস করেন। স্থির চিত্ত হইলে জীব দেহী হইলেও মুক্ত হয়েন॥ ৬৪॥

দেব্যুবাচ।

দেবী কহিয়াছিলেন।

কস্মিন্ স্থানে ত্রিধাশক্তিঃ ষট্‌চক্রঞ্চ তথৈবচ।
একবিংশতি ব্রহ্মাণ্ডং সপ্ত পাতাল মে বচ॥ ৬৫॥

কোন্ স্থানে ত্রিধা শক্তি বাস করেন এবং ষট্‌চক্র এবং একবিংশতি ব্রহ্মাণ্ড ও সপ্ত পাতাল কি তাহা কহুন॥৬৫॥

ঈশ্বরোবাচ।

মহাদেব কহিয়াছিলেন।

ঊর্দ্ধ শক্তির্ভবেৎ কণ্ঠঃ অধঃ শক্তির্ভবেদ্‌গুদঃ।
মধ্য শক্তির্ভবেন্নাভিঃ শক্ত্যাতীতং নিরঞ্জনং॥ ৬৬॥

ঊর্দ্ধ শক্তি কণ্ঠ এবং অধস্থ শক্তি গুহ্যদেশ, মধ্য শক্তি নাভি যিনি এই ত্রিধা শক্ত্যাতীত হয়েন তিনি নিরঞ্জন ব্রহ্ম॥ ৬৬॥

আধারং গুহ্যচক্রন্তু স্বাধিষ্ঠানঞ্চ লিঙ্গকং ।
চক্রভেদং ময়াখ্যাতং চক্রাতীতং নমোনমঃ ॥৬৭॥

আধার গুহ্যচক্র এবং স্বাধিষ্ঠান লিঙ্গচক্র মৎকর্ত্তৃক এই চক্রভেদ কথিত হইল যিনি চক্রাতীত তাঁহাকে নমস্কার করি ॥ ৬৭ ॥

কায়োর্দ্ধঞ্চ ব্রহ্মলোকঃ স্বধঃ পাতাল মেবচ ।
ঊর্দ্ধমূল মধঃ সাগ্রং বৃক্ষাকারং কলেবরং ॥ ৬৮ ॥

শরীরের ঊর্দ্ধদেশ ব্রহ্মলোক এবং অধঃ পাতাল এবং ঊর্দ্ধমূল অধের অগ্র এই শরীর বৃক্ষাকার ॥ ৬৮ ॥

দেব্যুবাচ ।

দেবী কহিয়াছিলেন ।

শিব শঙ্কর ঈশান ব্রূহিমে পরমেশ্বর ।
দশবায়ুঃ কথং দেব দশদ্বারাণি চৈব হি ॥ ৬৯ ॥

হে শিব, হে শঙ্কর, হে ঈশান, হে পরমেশ্বর, হে দেব ; দশবিধ বায়ু কি প্রকারে স্থিতি করেন এবং দশ দ্বার কি কি তাহা আমাকে কহুন ॥ ৬৯ ॥

ঈশ্বরোবাচ ।

মহাদেব কহিয়াছিলেন ।

হৃদি প্রাণঃ স্থিতো বায়ুরপানো গুদ সংস্থিতঃ ।
সমানো নাভিদেশেতু উদানঃ কণ্ঠমাশ্রিতঃ ॥৭০॥

হৃদয়ে প্রাণবায়ু স্থিতি করেন এবং অপান বায়ু গুহ্য দেশে স্থিতি করেন, সমান বায়ু নাভি দেশে এবং উদান বায়ু কণ্ঠদেশে স্থিতি করেন ॥ ৭০ ॥

ব্যানঃ সর্ব্বগতো দেহে সর্ব্বগাত্রেষু সংস্থিতঃ ।
নাগ ঊর্দ্ধগতো বায়ুঃ কূর্ম্মস্তীর্থানি সংস্থিতঃ ॥৭১॥

এবং ব্যানবায়ু সর্ব্বগাত্রে এবং নাগবায়ু ঊর্দ্ধগত । কূর্ম্ম বায়ু তীর্থাশ্রিত স্থিতি করেন । এবং কৃকর বায়ু ক্ষোভনে স্থিতি করেন ॥ ৭১ ॥

কৃকরঃ ক্ষোভিতে চৈব দেবদত্তোপি জৃম্ভনে।
ধনঞ্জয়ঃ নাদঘোষে নিবিশেচ্চৈব শাম্যতি॥ ১২॥

দেবদত্ত বায়ু জৃম্ভনে (হাইতোলন) ধনঞ্জয় বায়ু নাদ ঘোষে প্রবেশ করেন॥ ১২॥

এতেবায়ু র্নিরালম্বো যোগিনাং যোগসম্মতঃ।
নবদ্বারঞ্চ প্রত্যক্ষং দশমং মনরুচ্যতে॥ ১৩॥

এই পঞ্চ বাহুস্থিত বায়ু ইহারা অবলম্বন শূন্য এবং যোগিদিগের যোগবিষয়ে সমস্ত নবদ্বার প্রত্যক্ষ (প্রসিদ্ধ) আছে দশম মন ইহা উক্ত হইয়াছে॥ ১৩॥

দেব্যুবাচ।

দেবী কহিয়াছিলেন।

নাড়ী ভেদঞ্চ মে ব্রূহি সর্ব্বগাত্রেষু সংস্থিতং।
শক্তিঃ কুণ্ডলিনী চৈব প্রসূতা দশ নাড়িকা॥ ১৪॥

সর্ব্বগাত্রে স্থিতা যে নাড়ী তাহা উক্ত করুন এবং কুণ্ডলিনী শক্তি হইতে যে দশ নাড়ী প্রসূতা হইয়াছে তাহাও উক্ত করুন॥ ১৪॥

ঈশ্বরোবাচ।

মহাদেব কহিয়াছিলেন।

ইড়া চ পিঙ্গলা চৈব সুষুম্না চোর্দ্ধগামিনী।
গান্ধারী হস্তি জিহ্বা চ প্রসরাগমনায়তা॥ ১৫॥
অলম্বুষা যশাচৈব দক্ষিণাঙ্গে সমস্থিতাঃ।
কুহুশ্চ শঙ্খিনী চৈব বামাঙ্গে চ ব্যবস্থিতাঃ॥ ১৬॥

ইড়া ও পিঙ্গলা ও সুষুম্না ও গান্ধারী ও হস্তিজিহ্বা প্রসর ও অলম্বুষা ও যশা এই অষ্ট নাড়ী দক্ষিণাঙ্গে এবং কুহু ও শঙ্খিনী বামাঙ্গে অবস্থিতা হইয়াছে॥১৫॥ ১৬॥

এতাসু দশ নাড়ীষু নানা নাড়ী প্রসূতিকা।
দ্বি সপ্ততি সহস্রানি শরীরে নাড়িকা স্মৃতাঃ॥ ১৭॥

এই দশ নাড়িতে নানা নাড়ী প্রসূত হইয়াছে শরীরের মধ্যে দ্বিসপ্ততী সহস্র নাড়ী প্রসিদ্ধা আছে॥ ১৭॥

এতাং যো বিন্দতে যোগী স যোগী যোগ লক্ষণঃ।
জ্ঞাননাড়ী ভবেদ্দেবি যোগিনাং সিদ্ধদায়িনী॥৭৮॥
এই নাড়ী যে যোগী জ্ঞাত হইয়াছেন সেই যোগী যোগজ্ঞ ইহার মধ্যে জ্ঞান নাড়ী যোগি সকলের সিদ্ধ-দায়িনী হয়েন ॥ ৭৮ ॥

দেব্যুবাচ।

দেবী কহিয়াছিলেন।

ভূতনাথ মহাদেব ব্রূহিমে পরমেশ্বর।
ত্রয়োদেবাঃ কথংদেব ত্রয়োভাবাস্ত্রয়োগুণাঃ ॥৭৯॥
হে ভূতনাথ, হে মহাদেব, হে পরমেশ্বর, তিন দেবতা কি প্রকার এবং তাঁহারদিগের কি ভাব এবং কি গুণ ইহা কহুন ॥ ৭৯ ॥

ঈশ্বরোবাচ।

মহাদেব কহিয়াছিলেন।

রজোভাব স্থিতো ব্রহ্মা সত্বভাব স্থিতো হরিঃ।
ক্রোধভাব স্থিতো রুদ্র স্ত্রয়ো দেবাস্ত্রয়োগুণাঃ ॥৮০॥
রজঃ ভাবেতে ব্রহ্মা এবং সত্ব ভাবেতে হরি স্থিতি করেন এবং ক্রোধ ভাবে রুদ্র স্থিতি করেন। এই তিন দেবতা এবং এই তিন গুণ ॥ ৮০ ॥

একমূর্ত্তি স্ত্রয়োদেবা ব্রহ্মা বিষ্ণু মহেশ্বরাঃ।
নানা ভাবং মনোযস্য তস্য মুর্ত্তির্নজায়তে ॥ ৮১ ॥
ব্রহ্মা বিষ্ণু মহাদেব এই তিন দেবতা এক মূর্ত্তি ইহাতে যাহার মনে নানা ভাবোপস্থিত হয় তাহার মুক্তি হয় না ॥ ৮১ ॥

বীর্য্যরূপী ভবেদ্ব্রহ্মা বায়ুরূপ স্থিতো হরিঃ।
মনোরূপ স্থিতো রুদ্র স্ত্রয়োদেবাস্ত্রয়োগুণাঃ ॥৮২॥
বীর্য্যরূপী ব্রহ্মা হয়েন এবং বায়ুরূপে হরি স্থিতি করেন এবং মনরূপে রুদ্র স্থিতি করেন ॥ ৮২ ॥

দয়াভাব স্থিতো ব্রহ্মা শুদ্ধভাব স্থিতো হরিঃ।

অগ্নিভাব স্থিতো রুদ্র স্ত্রয়োদেবাস্ত্রয়োগুণাঃ ॥৮৩॥
দয়াভাবে ব্রহ্মা স্থিতি করেন এবং শুদ্ধভাবে হরি এবং অগ্নিভাবে রুদ্র স্থিতি করেন ॥ ৮৩ ॥

একংভূতং পরংব্রহ্ম জগৎ সর্ব্ব চরাচরং।
নানা ভাব মনো যস্য তস্য মুক্তির্নজায়তে ॥ ৮৪ ॥
এই সকল চরাচর জগৎ এক ব্রহ্ম হইতে হয় যাহার মনে নানা ভাবোদয় হয় তাহার মুক্তি হয় না ॥ ৮৪ ॥

অহং সৃষ্টি রহং কালোহপ্যহং ব্রহ্মাপ্যহং হরিঃ।
অহং রুদ্রোহপ্যহং শূন্য মহং ব্যাপী নিরঞ্জনং ॥৮৫॥
আমি সৃষ্টি এবং আমিই কাল এবং ব্রহ্মা আমি এবং আমি হরি এবং আমি আকাশ এবং আমি সর্ব্বব্যাপী এবং আমিই নিরঞ্জন ব্রহ্ম ॥ ৮৫ ॥

অহং সর্ব্বাত্মকং দেবি নিষ্কামো গগনোপমঃ।
স্বভাব নির্ম্মলং স্বান্তং স এবাহং ন সংশয়ঃ ॥৮৬॥
হে দেবি আমি সর্ব্বস্বরূপ এবং নিষ্কাম এবং আমি গগনাত্তে উপমার স্থল এবং শুদ্ধ স্বভাব নির্ম্মল মনের স্বরূপ যে ব্রহ্ম তাহাও আমি ইহাতে সংশয় নাই ॥৮৬॥

জিতেন্দ্রিয়ো ভবেৎ শূরো ব্রহ্মচারী সুপণ্ডিতঃ।
সত্যবাদী ভবেদ্ভক্তো দাতা ধীর হিতে রতঃ ॥৮৭॥
যে ব্যক্তি জিতেন্দ্রিয় এবং শূর এবং ব্রহ্মচারি সুপণ্ডিত, সত্যবাদী, দাতা, পণ্ডিতের হিতে রত সেই ব্যক্তি ভক্ত হয় ॥ ৮৭ ॥

ব্রহ্মচর্য্যং তপোমূলং ধর্ম্মমূলং দয়াস্মৃতা।
তস্মাৎ সর্ব্ব প্রযত্নেন দয়া ধর্ম্মং সমাশ্রয়েৎ ॥৮৮॥
তপস্যার মূল ব্রহ্মচর্য্য এবং ধর্ম্মের মূল দয়া এই হেতু সকল যত্নের দ্বারা দয়া ধর্ম্ম আশ্রয় করিবে ॥ ৮৮ ॥

দেব্যুবাচ।
দেবী কহিয়াছিলেন।

যোগেশ্বর জগন্নাথ উমায়াঃ প্রাণবল্লভ।
বেদসন্ধ্যা তপোধ্যানং হোমকর্ম্ম কুলং কথং ॥৮৯॥

হে যোগেশ্বর, হে জগন্নাথ, হে উমায়া প্রাণবল্লভ বেদ ও সন্ধ্যা ও তপস্যা ও ধ্যান ও হোম ও কর্ম্ম ও কুল কিরূপ ইহা বলুন ॥ ৮৯ ॥

ঈশ্বরোবাচ।

মহাদেব কহিয়াছিলেন।

অশ্বমেধ সহস্রাণি বাজপেয় শতানিচ।
ব্রহ্মজ্ঞানং সমং পুণ্যং কলাং নার্হন্তি ষোড়শীং॥৯০॥

সহস্র অশ্বমেধ যজ্ঞ এবং শত বাজপেয় যজ্ঞ ইহারা ব্রহ্মজ্ঞান ফলের ষোড়শ কলার এক কলার তুল্য পুণ্য কেহ লাভ করিতে পারে না ॥ ৯০ ॥

সর্ব্বদা সর্ব্বতীর্থেষু যঃ ফলং লভতে শুচিঃ।
ব্রহ্মজ্ঞানং সমং পুণ্যং কলাং নার্হন্তি ষোড়শীং ॥৯১॥

সর্ব্বকালে সর্ব্বতীর্থে শুচি হইয়া গমন করিলে যে ফল লাভ হয় সেই ফল ব্রহ্মজ্ঞান ফলের ষোড়শ কলার এক কলা তাহা কেহ লাভ করিতে পারেন না ॥ ৯১ ॥

ন মিত্রং নচ পুত্রাশ্চ ন পিতা নচ বান্ধবাঃ।
ন স্বামী চ গুরোস্তুল্যং যদ্দৃষ্টং পরমং পদং ॥ ৯২ ॥

গুরুর তুল্য মিত্র নাই এবং পুত্র ও পিতা ও বান্ধব সকল ও স্বামি ইহারা গুরুর তুল্য নহে যে গুরু কর্ত্তৃক পরমপদ দৃষ্ট হইয়াছে ॥ ৯২ ॥

নচ বিদ্যা গুরোস্তুল্যং ন তীর্থং নচ দেবতাঃ।
গুরোস্তুল্যং নবৈ কোপি যদ্দৃষ্টং পরমং পদং ॥৯৩॥

বিদ্যা ও তীর্থ ও দেবতা এবং অপর যে সকল ইহারা গুরুর তুল্য নহে, যে গুরু কর্ত্তৃক পরম পদ দৃষ্ট হইয়াছে ॥ ৯৩ ॥

একমপ্যক্ষরং যস্তু গুরুঃ শিষ্যে নিবেদনং।
পৃথিব্যাং নাস্তি তদ্দ্রব্যং যদ্দত্ত্ব চানৃণী ভবেৎ ॥৯৪॥

যে গুরু শিষ্যকে একাক্ষর প্রদান করেন সেই গুরুকে পৃথিবীর মধ্যে এমত দাতব্য বস্তু নাই যে সেই বস্তু দান করিলে তাঁহার নিকট ঋণ হইতে মুক্ত হওয়া যায় ॥৯৪॥

যস্য কস্য ন দাতব্যং ব্রহ্মজ্ঞানং সুগোপিতং।
যস্য কস্যাপি ভক্তস্য সদ্গুরুস্তস্য দীয়তে ॥ ৯৫ ॥

এই সুগোপিত ব্রহ্মজ্ঞান অপর কোন ব্যক্তিকে দান করিবে না কিন্তু সদ্গুরু ভক্ত ব্যক্তিকে প্রদান করিবেন ॥ ৯৫ ॥

মন্ত্র পূজা তপোধ্যানং হোমং জপ্যং বলিক্রিয়াং।
সন্ন্যাসং সর্ব্ব কর্ম্মানি লৌকিকানি ত্যজেদ্বুধঃ ॥৯৬॥

মন্ত্র ও পূজা ও তপস্যা ও ধ্যান ও হোম ও জপ ও বলি কর্ম্ম ও সন্ন্যাস এবং অপর সর্ব্ব লৌকিক কর্ম্ম পণ্ডিতেরা ত্যাগ করিবেন ॥ ৯৬ ॥

সংসর্গাদ্বহবোদোষা নিঃসঙ্গাদ্বহবো গুণাঃ।
তস্মাৎ সর্ব্ব প্রযত্নেন যতী সঙ্গং পরিত্যজেৎ ॥৯৭॥

সংসর্গের হেতু বহু দোষ হয় সঙ্গ রহিত হেতু বহু গুণ হয় এই নিমিত্তে সকল যত্নের দ্বারা যতী সঙ্গ পরিত্যাগ করিবে ॥ ৯৭ ॥

অকারঃ সাত্বিকোজ্ঞেয় উকারো রাজসঃ স্মৃতঃ।
মকারস্তামসঃ প্রোক্ত স্ত্রিভিঃ প্রকৃতিরুচ্যতে ॥ ৯৮ ॥

অকারকে সাত্বিক এবং উকারকে রাজস, মকারকে তামস জ্ঞান করিবে এই তিন গুণের দ্বারা প্রকৃতি ইহা উক্ত হইয়াছে ॥ ৯৮ ॥

অক্ষরা প্রকৃতিঃ প্রোক্তা অক্ষরঃ স্বয়মীশ্বরঃ।
ঈশ্বরান্নির্গতা সাহি প্রকৃতির্গুণ বন্ধনা ॥ ৯৯ ॥

এবং অক্ষর স্বয়ং ঈশ্বর, ঈশ্বর হইতে সেই প্রকৃতি নির্গত হইয়াছে ॥ ৯৯ ॥

সা মায়া পালিনী শক্তিঃ সৃষ্টি সংহার কারিনী।
অবিদ্যা মোহিনী যা সা শব্দ রূপা যশস্বিনী ॥ ১০০ ॥

সেই মায়াপালিনী শক্তি (পালনকর্ত্রী) এবং সৃষ্টি সংহারকারিনী এবং শব্দরূপা এবং যশস্বিনী ॥ ১০০ ॥

অকারশ্চৈব ঋগ্বেদ উকারো যজুরুচ্যতে।
মকারঃ সাম বেদস্তু ত্রিষু যুক্তোঽপ্যথর্ব্বণঃ ॥ ১০১ ॥

অকার ঋগ্বেদ এবং উকার যজুর্ব্বেদ এবং মকার সামবেদ এই তিনেতে যুক্ত অথর্ব্ব বেদ ॥ ১০১ ॥

ওঁকারস্তু প্লুতোজ্ঞেয়স্ত্রিনাদ ইতি সংজ্ঞিতঃ।
অকারস্ত্বথ ভূর্লোক উকারো ভুব উচ্যতে ॥ ১০২ ॥
সব্যঞ্জন মকারস্তু স্বর্লোকস্তু বিধীয়তে।
অক্ষরৈস্ত্রিভিরেতৈশ্চ ভবেৎ আত্মা ব্যবস্থিতঃ ॥ ১০৩ ॥

ওঁকারকে প্লুত করিয়া জ্ঞান করিবে ইহার সংজ্ঞা ত্রিনাদ এবং অকার ভূলোক উকার ভুবোলোক মকার ব্যঞ্জনের ন্যায় স্বর্লোক হয়েন। এই তিন অক্ষরের দ্বারা আত্মা ব্যবস্থিত হইয়াছেন ॥ ১০২ ॥ ১০৩ ॥

অকার পৃথিবীজ্ঞেয়া পীতবর্ণেন সংযুতঃ।
অন্তরীক্ষং উকারস্তু বিদ্যুদ্বর্ণ ইহোচ্যতে ॥ ১০৪ ॥

অকার পৃথিবী এবং পীতবর্ণযুক্ত, উকার আকাশ এবং বিদ্যুদ্বর্ণযুক্ত, মকার স্বর্গ এবং শুক্লবর্ণযুক্ত হয়েন ॥ ১০৪ ॥

মকারঃ স্বরিতিজ্ঞেয়ঃ শুক্লবর্ণেন সংযুতঃ।
ধ্রুব মেকাক্ষরং ব্রহ্ম ওমিত্যেবং ব্যবস্থিতং ॥ ১০৫ ॥

নিশ্চিত একাক্ষর যে প্রণব তিনি ব্রহ্ম ইহা ব্যবস্থিত হইয়াছে ॥ ১০৫ ॥

স্থিরাসনো ভবেন্নিত্যং চিন্তা নিদ্রা বিবর্জ্জিতঃ।
আশু স জায়তে যোগী নান্যথা শিব ভাষিতং ॥ ১০৬ ॥

স্থিরাসন হইবে এবং প্রতি দিন চিন্তা ও নিদ্রা বর্জ্জিত হইবে, ইহা হইলে শীঘ্র যোগী হয় অন্যথা হয় না যেহেতু শিব উক্ত করিয়াছেন ॥ ১০৬ ॥

য [illegible] নিত্যং [illegible] দিনে দিনে।
সর্ব্ব [illegible] শিবং [illegible] স গচ্ছতি ॥ ১০৭ ॥

যে ব্যক্তি ব্রহ্মজ্ঞান কথা নিত্য পাঠ কিম্বা শ্রবণ করে সেই ব্যক্তি সকল পাপ হইতে বিশুদ্ধাত্মা হইয়া শিব-লোকে গমন করিবে॥ ১০৭॥

দেব্যুবাচ।

দেবী কহিয়াছিলেন।

স্থূলস্য লক্ষণং ব্রূহি কথং মনো বিলীয়তে।
পরমার্থঞ্চ নির্ব্বাণং স্থূল সূক্ষ্মস্য লক্ষণং॥ ১০৮॥

স্থূল দেহের লক্ষণ কহুন এবং কি রূপে মনের বিলয় হয় এবং স্থূল সূক্ষ্মের লক্ষণ যে পরমার্থ নির্ব্বাণ তাহা কহুন॥ ১০৮॥

শিবোবাচ।

শিব কহিয়াছিলেন।

যেন জ্ঞানেন হে দেবি বিদ্যতে নচ কিল্বিষে।
পৃথিব্যপস্তথা তেজো বায়ুরাকাশ মেব চ॥ ১০৯॥

হে দেবি! যে জ্ঞানের দ্বারা পাপী বিদ্যমান হয় না সেই জ্ঞান কহি শ্রবণ করহ, পৃথিবী জল ও তেজঃ ও বায়ু ও আকাশ॥ ১০৯॥

স্থূলরূপী স্থিতোহয়ঞ্চ সূক্ষ্মঞ্চ অন্যথা স্থিতঃ॥১১০॥

এই পঞ্চভূত হইতে উৎপন্ন যে দেহ সেই দেহ স্থূল-রূপী হইয়া স্থিতি করে সূক্ষ্ম দেহ অন্যরূপে স্থিতি করে॥ ১১০॥

ইতি যোগশাস্ত্রে হরগৌরী সম্বাদে জ্ঞানসঙ্কলিনী তন্ত্র সমাপ্তঃ।